গেল. পরে দৈবাৎ এক জন যাজক আসিয়া সেই পথ দিয়া গেল, এবং তাহাকে দৃষ্টি করিয়া অন্য পার্শ্ব দিয়া চলিয়া গেল. তাহার পরে এক জন লৈব ও সেই স্থান দিয়া গেল; কিন্তু সেও আসিয়া অবলোকন করিয়া অন্য পার্শ্ব দিয়া চলিয়া গেল. কিন্তু এক জন শমরুণী যাত্রা করিতে২ এবং তাহাকে দেখিয়া করুণাবিষ্ট হইল. পরে তাহার নিকটে গিয়া তাহার ঘায়ে তৈল ও দ্রাক্ষারস ঢালিয়া তাহা বন্ধ করিল; পরে তাহাকে আপন বাহনি জন্তুর উপর চড়াইয়া এক সরাইয়ে আনিয়া তাহার সেবা করিল. পর দিবসে তাহার প্রস্থান করণ সময়ে সেই দুই সিকি সরাইকর্ত্তাকে বাহির করিয়া দিয়া তাহাকে কহিল, ইহার তত্ত্বাবধারণ করহ, তাহাতে যে কিছু তুমি অধিক ব্যয় করিবা, তাহা যখন আমি পুনর্ব্বার আসিব, তখন তোমাকে পরিশোধ কবিব. অতএব এ তিন জনের মধ্যে সে মনুষ্য যে ডাকাইত লোকের মধ্যে পড়িয়াছিল তাহার পড়সী কেটা, তুমি বুঝহ? সে কহিল, ঐ যে তাহার উপর দয়া কয়িয়াছিল. তখন য়িশু তাহাকে কহিলেন, যাও, তদ্মত তুমিও কর.

ত্রোকত্বের পর প্রভুর চতুর্দ্দশ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, আমারদের প্রত্যয় ও ভরসা ও প্রেম বাড়াইয়া দেও, এবং তুমি যাহা প্রতিজ্ঞা করিতেছ, তাহা যেন আমরা পাই, এই নিমিত্তে তুমি যাহা আজ্ঞা করিতেছ, তাহা ভাল বাসিতে আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে প্রবৃত্ত করাও. আমেন.

পত্র. গালাতী. পর্ব্ব ৫, পদ ১৬.

আমি কহি, আত্মাতে গতি করহ, তবে তোমরা শরীরের কামাদি পালন করিবা না. কেননা আত্মার বিরুদ্ধে শরীরের কামনা, এবং শরীরের বিরুদ্ধে আত্মার কামনা, এবং এই উভয়েতে উভয়ের বিপর্য্যয় হয়, তাহাতে যে কর্ম্ম তোমরা ইচ্ছা করহ, তাহাই তোমরা করিতে পারহ না, কিন্তু যদি তোমরা আত্মাকর্ত্তৃক আকর্ষিত হইয়া থাক, তবে তোমরা ব্যবস্থার অধীন নহ. পরন্তু শরীরের ক্রিয়া সুব্যক্ত আছে; তাহা এই, পরদার বেশ্যাগমন মল ক্রিয়া কামুকতা দেবপূজা মায়াবী দ্বেষ বিবাদ আড়াড়ি প্রতিকোপ প্রতিযোগিতা পক্ষপাত ভিন্নং ভেদ ঈর্ষা বধ মত্ততা রঙ্গরসাদি ও আর২ এই মত বিষয়, যাহার কারণ যেমন পূর্ব্বে বলিলাম, তেমন এখনও তোমারদিগকে কহি যে এই প্রকার কর্ম্মকারিরা ঈশ্বরের রাজ্যাধিকার পাইবেক না. কিন্তু আত্মার ফল প্রেম আনন্দ শান্তি চিরক্ষমা কোমলতা ঔদার্য্য প্রত্যয় ক্ষান্তি প্রকৃত ভোগ এমত কর্ম্মের বিরুদ্ধে ব্যবস্থা হয় না. এবং যাহারা খ্রীষ্টের হয়, তাহারা রাগ ও কামের সহিত শরীরকে ক্রুশেতে হত করিয়াছে.

মঙ্গলসমাচার. লুক. পর্ব্ব ১৭, পদ ১১.

য়িশু য়িরোশলমে যাইতে২ তিনি শমরণ ও গালিলি দেশের মধ্য দিয়া গমন করিলেন. তাহাতে এক গ্রামে প্রবেশ করিবামাত্র দশ জন কুষ্ঠী তাঁহার সহিত সাক্ষাৎ পাইয়া দূরে দাঁড়াইল, এবং তাহারা উচ্চৈঃস্বর করিয়া বলিল, হে য়িশু প্রভু, আমারদের উপর দয়া করুন. তিনি তাহারদিগকে দেখিয়া কহিলেন, যাও, যাজক-

গণের স্থানে আপনারদিগকে দেখাইয়া দেওগা. তখন তাহারা যাই- তেং পরিষ্কৃত হইল. পরে তাহারদের এক জন যখন দেখিল যে আপনি সুস্থ হইয়া গিয়াছে, তখন সে উচ্চৈঃস্বরে ঈশ্বরের প্রশংসা করিতে ফিরিয়া আইল; এবং তাঁহার চরণে পড়িয়া তাঁহাকে স্তব করিতে লাগিল; ও সেই জন শমরণী ছিল. তখন যিশু উত্তর করিয়া কহিলেন, দশ জন পরিষ্কৃত হইয়াছিল না কি? কিন্তু নয়টা কোথায়? এই বিদেশি ব্যতিরেকে ঈশ্বরের প্রশংসা করিতে কেহ পাওয়া গেল না. পরে তিনি তাহাকে কহিলেন, উঠিয়া যাও; তোমার বিশ্বাস তোমা- কে মুক্ত করিয়াছে.

ত্রোকত্বের পর প্রভুর পঞ্চদশ দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপন মণ্ডলীকে নিত্যং দয়া করিয়া রক্ষা করহ, এবং মনুষ্যেরদের দুর্ব্বলতা প্রযুক্ত তোমার অনুগ্রহ ব্যতিরেকে তাহারদের পতনের আবশ্যক হইলে সাহায্য করিয়া অপকারক বস্তু সকলহইতে আমারদিগকে সর্ব্বদা রক্ষা করিয়া, যে বস্তু সকল পরিত্রাণের নিমিত্তে আমারদিগের উপকার করে, তাহার নিকটে আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা আমারদিগের গতি করাও. আমেন.

পত্র. গালাতী. পর্ব্ব ৬, পদ ১১.

তোমরা দেখহ, তোমারদিগের প্রতি আমি আপন স্বহস্তে কেমন বড় পত্র লিখিয়াছি. যতেক লোক শারীরিক ধর্ম্মেতে বিখ্যাত হইতে

ইচ্ছা করে, তাহারা তোমারদিগের প্রবৃত্তি লওয়াইয়া সুন্নত করাই-
তেছে, তাহারা যেন খ্রীষ্টের ক্রুশের নিমিত্তে তাড়িত না হয়. কেন-
না সুন্নতী সকল আপনারাই ব্যবস্থার পালন করে না, কিন্তু তোমার-
দের সুন্নত হওয়া ইচ্ছা করে, যেন তোমারদে শরীরেতে তাহারদের
গৌরব করণের হেতু হয়. কিন্তু আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের যে ক্রুশ দিয়া
সংসার আমার প্রতি এবং আমি সংসারের প্রতি মারা গিয়াছি, আমি
যে তদ্ভিন্ন আর কাহাতে গৌরব করি, সে না হউক. কেননা য়িশু
খ্রীষ্টেতে সুন্নত কিছু করে না, অসুন্নতও কিছু করে না, কিন্তু নূতন সৃষ্টি.
এবং এই বিধিক্রমে যাহারা চলে, তাহারদের উপর অর্থাৎ ঈশ্বরের
য়িশ্রাএলের উপর শান্তি ও দয়া থাকুক. ইহার পরে কোন মনুষ্য
আমাকে ব্যামোহ না দিউক; কেননা আমি আপন শরীরে প্রভু য়িশু
খ্রীষ্টের লক্ষণ বহিতেছি. হে ভ্রাতারা, আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের
অনুগ্রহ তোমারদের আত্মার সঙ্গে থাকুক. আমেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ৬, পদ ২৪.

দুই কর্ত্তার সেবা কোন মনুষ্য করিতে পারে না; কেননা সে এক
জনকে মন্দ বাসিয়া অন্যকে ভাল বাসিবেক, কিম্বা সে একের প্রতি
মনোযোগী হইয়া অন্যের প্রতি অবহেলা করিবেক; তোমরা ঈশ্বর ও
ধন এই দুয়ের সেবা করিতে পারিবা না. অতএব আমি তোমারদি-
গকে কহি, তোমরা আপনারদের জীবনার্থে, কি খাইবা কিম্বা কি
পান করিবা, ও আপনারদের শরীরার্থে, কি পরিধান করিবা, ভাবিত
হইও না. ভক্ষ্যহইতে প্রাণ এবং বস্ত্রহইতে শরীর কি বড় নহে?
শূন্যের পক্ষী সকল দেখ; তাহারা বুনেও না, কাটেও না, এবং

গোলাতে সঞ্চয়ও করে না; তত্রাপি তোমারদের স্বর্গীয় পিতা তাহার- দিগকে প্রতিপালন করেন; তাহারদিগহইতে তোমরা কি অতি শ্রেষ্ঠ নহ? তোমারদের মধ্যে কেটা ভাবনা করিলে আপনার আয়ুকে এক ক্ষণও অধিক করিতে পারে? এবং বস্ত্রের কারণ কেন ভাবিত হও? ক্ষেত্রের সুসন পুষ্প আলোচনা করহ, সে কেমনে বাড়িতেছে; সে কর্ম্ম ও করে না, সূতও কাটে না; তথাচ আমি তোমারদিগকে কহি, যে শলমোন আপন সমস্ত ঐশ্বর্য্যেতে এই এক পুষ্পের মত বিভূষিত ছিলেন না. অতএব ক্ষেত্রের তৃণ যে অদ্য বর্ত্তমান আছে ও কল্য আ- খাতে ফেলা যায়, তাহাকে যদি ঈশ্বর এমত পরাইয়া দেন, তবে কি তোমারদিগকে ততোধিকে পরাইয়া দিবেন না, আরে অল্প প্রত্যয়ী? অতএব ভাবিত হইও না, যে আমরা কি খাইব? কিম্বা কি পীব? কিম্বা কি পরিধান করিব? কেননা ভিন্নদেশিরা এ সকলের কারণ সচেষ্ট থাকে, এবং তোমারদের স্বর্গীয় পিতা জানেন, যে এই সকলের কারণ তোমারদের আবশ্যক আছে; কিন্তু প্রথমে ঈশ্বরের রাজ্য ও তাঁহার ধর্ম্ম অনুসন্ধান করহ, পরে এ সকল বস্তু তোমারদিগকে বাড়া দেওয়া যাইবে. অতএব কল্যকার হেতু ভাবিত হইও না, কেননা কল্য আপনার বিষয়ে আয়োজন করিবে. বর্ত্তমান দিবসের কারণ আপনার মন্দ প্রচুর.

ত্রোকত্ত্বের পর প্রভুর ষোড়শ দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপন মণ্ডলী- কে নিত্য ২ কৃপা করিয়া পরিষ্কার ও রক্ষা করহ; এবং সে তোমার

সাহায্য ব্যতিরেকে নিরাপদে থাকিতে না পারিলে, তাহাকে অনুগ্রহ পূর্ব্বক সাহায্য করিয়া আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা সর্ব্বদা রক্ষা করহ. আমেন.

পত্র. এফিসী, পর্ব্ব ৩, পদ ১৩.

তোমারদের বিষয়ে আমাকে যে সকল ক্লেশ লাগে যাহা তোমারদের গৌরবও হয়, তাহার নিমিত্তে তোমরা যেন কাতর না হও, এই আমি চাহি. ইহার কারণ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের পিতা যাঁহাহইতে স্বর্গস্থিত ও পৃথিবীস্থিত যাবতীয় পরিজন নামধেয় আছে, তাঁহার অগ্রে আমি হাঁটু পাড়ি, যে তিনি আপন গৌরব বিভবক্রমে প্রদান করেন, যে আপন আত্মার দ্বারা তোমরা আন্তরিক মনুষ্যের মধ্যে প্রবল রূপে দৃঢ় করা যাও, যে প্রত্যয় যোগে খ্রীষ্ট তোমারদের মনেতে বাস করেন, ও তোমরা প্রেমেতে জড় বান্ধিয়া ও গাড়া গিয়া সকল পুণ্যবানেরদের সহিত অনুভব করিতে সাধ্যযুক্ত হও, যে খ্রীষ্টের প্রেমের কি রূপ প্রস্থত্ব ও দীর্ঘত্ব ও গভীরত্ব ও উচ্চত্ব এবং তাঁহার প্রেম যে জ্ঞানের বহির্ভূত তাহা যেন জ্ঞাত হও, যেন ঈশ্বরের সকল পূর্ণতাতে তোমরা পরিপূর্ণ হও. এখন যে শক্তি আমারদিগেতে কার্য্য করিতেছে, তদনুক্রমে যিনি আমারদের সকল যাচনা ও ভাবনাহইতে অত্যন্ত বাহুল্য করিতে পারেন, তাঁহার মণ্ডলীর মধ্যে য়িশু খ্রীষ্টের দ্বারা সকল পুরুষ পুরুষান্তরে সদাসর্ব্বক্ষণে প্রশংসা হউক. আমেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ৭, পদ ১১.

তাহার পর দিবসে যিশু নাইন নামে এক নগরে গেলেন, এবং তাঁহার সমভিব্যাহারি অনেক শিষ্য ও যথেষ্ট লোকও গেল. যখন তিনি সে নগরের দ্বারের নিকটে উপস্থিত হইলেন, তখন দেখ এক মৃত মনুষ্য বাহিরে বহা যাইতেছিল; সে আপন মাতার একই পুত্র, এবং সেও বিধবা; এবং তাহার সঙ্গে সে নগরের অনেক লোক ছিল. প্রভু তাহাকে দেখিয়া তাহার প্রতি করুণাবিষ্ট হইয়া তাহাকে কহিলেন, কান্দিও না; পরে তিনি আসিয়া খাট স্পর্শ করিলেন, তাহাতে বাহকেরা স্থগিত হইল. তখন তিনি কহিলেন, হে যুবক, আমি তোমাকে কহি, উঠ; তাহাতে সে মৃত লোক উঠিল, এবং কথা কহিতে লাগিল. পরে তিনি তাহাকে আপন মাতার স্থানে সমর্পণ করিলেন. তাহে সকলের ভয় হইল, এবং ঈশ্বরের প্রশংসা করিয়া তাহারা বলিতে লাগিল, যে আমারদের মধ্যে মহা ভবিষ্যদ্বক্তা উদিত হইয়াছেন, এবং ঈশ্বর আপন লোকের স্থানে সাক্ষাৎ দিয়াছেন. তাঁহার এইমত বার্ত্তা সমুদায় যিহুদা দেশে এবং তাহার চতুষ্পার্শ্বের অঞ্চলে ব্যাপিল.

ত্রোকত্বের পর প্রভুর সপ্তদশ দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে প্রার্থনা করিতেছি, যে আপনার অনুগ্রহের দ্বারা আমারদের অন্তরে ভাল চিন্তা ও ইচ্ছা সতত জন্মাইয়া তাহা পূর্ণ করিতে আমারদিগের নিত্য২ সাহায্য করহ, এবং যে আমরা অনবরত সকল ভাল কর্ম্মেতে প্রবৃত্ত হই, ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা প্রদান করুন. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৪, পদ ১.

অতএব আমি যে প্রভুর বন্দী তোমারদিগকে কাকুতি করি, যে সমস্ত নম্রতায় ও অনুগ্রহতায় ও চির সহিষ্ণুতায় প্রেমেতে পরস্পর ক্ষান্ত এবং সম্মিলনের বন্ধনে আত্মার ঐক্যতা রাখিতে উদ্যুক্ত হইয়া, যে আহ্বানেতে তোমরা আহূত হইয়াছ, তাহার উপযুক্ত রূপে গতি করহ. এক শরীর ও এক আত্মা আছেন, যেমত তোমারদের আহ্বানের এক ভরসায় তোমরা আহূত হইয়াছ. এক প্রভু, এক প্রত্যয়, এক বাপ্‌টিস্ম, সকলের এক ঈশ্বর ও পিতা যিনি সকলের উপরিস্থিত ও সকলের ব্যাপক এবং তোমাসকলের অভ্যন্তরবর্ত্তী.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৪, পদ ১.

য়িশু বিশ্রামবারে এক জন প্রধান ফারসীর ঘরে অন্ন খাইতে গেলে তাহারা তাঁহার উপর দৃষ্টি করিয়া থাকিল; ইহাতে দেখ, এক জন জলোদরী তাঁহার সাক্ষাৎ ছিল. পরে য়িশু ব্যবস্থা পণ্ডিতগণকে এবং ফারসীরদিগকে কহিলেন, যে বিশ্রামবারে স্বাস্থ্য করা কর্ত্তব্য কি না? ইহাতে তাহারা চুপ করিয়া থাকিল, এবং তিনি সে জনকে সুস্থ করিয়া বিদায় করিলেন. পরে তিনি তাহারদিগকে প্রস্তাব করিলেন, যে যদি কাহার গাধা কিম্বা বলদ কোন গর্ত্তে পড়িয়া থাকে, তবে তোমারদের মধ্যে কোন ব্যক্তি বিশ্রামবারে ত্বরা করিয়া তাহাকে উঠাইবে কি না? কিন্তু এ কথার প্রত্যুত্তর তাহারা করিতে পারিল না. অনন্তর নিমন্ত্রিতেরদের প্রধান স্থান গ্রহণের চেষ্টা দেখিয়া তিনি তাহারদিগকে একটা উপদেশ প্রস্তাব করিয়া কহিলেন, যখন কোন বিবাহেতে তোমার নিমন্ত্রণ হয়, তখন প্রধান স্থানে বসিও না, যে কি

জানি তোমাহইতে আর কোন মর্য্যাদিক লোকের আহ্বান হইয়া থাকে, পরে যে তোমাকে ও তাহাকে নিমন্ত্রণ করিয়াছিল, সে আসিয়া তোমাকে কহিবে, এই মনুষ্যকে স্থান দেও, তাহাতে তুমি লজ্জিত হইয়া নীচ স্থানে যাইয়া তোমাকে বসিতে হয়. কিন্তু নিমন্ত্রিত হইলে তুমি নীচু স্থানে যাইয়া বস, তাহাতে যেন নিমন্ত্রক আইলে পরে তোমাকে কহে, হে বন্ধো, উচ্চতর স্থানে বস; তখন উপবিষ্ট নিমন্ত্রিতেরদের সাক্ষাতে তুমি সম্মান পাইবা. কেননা যে কেহ আপনার গৌরব করে, সে লঘু করা যাইবে; এবং যে কেহ আপনাকে লঘু করিয়া মানে, সে গৌরব পাইবে.

ত্রোকত্বের পর প্রভুর অষ্টাদশ দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে তোমার লোকেরা সংসার ও ইন্দ্রিয়াদি ও শয়তানহইতে পরীক্ষিত হইলে যাহাতে স্থির থাকিয়া, অদ্বিতীয় ঈশ্বর যে তুমি, তোমার আজ্ঞানুসারে শুদ্ধ চিত্তে ও মনেতে গতি করে, এমত ধর্ম্মপ্রসাদ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা তাহারদিগকে দেও. আমেন.

পত্র. ১ করিন্থী. পর্ব্ব ১, পদ ৪.

য়িশু খ্রীষ্ট দ্বারা তোমারদিগকে ঈশ্বরের যে প্রসাদ প্রদার হইয়াছে তাহার কারণ আমি তোমারদের বিষয়ে আপন ঈশ্বরকে সতত স্তব করিতেছি, যে তোমরা সমস্ত উক্তিতে ও সমস্ত জ্ঞানে সকল বিষয়েতেই তাঁহাতে গুণবান হইয়াছ, যেমত খ্রীষ্টের সাক্ষ্য তোমারদের

মধ্যে প্রমাণ হইয়াছিল. অতএব আমারদের প্রভু যিশু খ্রীষ্টের আগমন অপেক্ষায় থাকাতে তোমারদের কোন প্রসাদেতে ত্রুটি নাই, ও তিনি তোমারদিগকে শেষ পর্য্যন্তই স্থির করিয়া রাখিবেন, যেন তোমরা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দিবসে নির্দ্দোষী ঠাহরা যাও.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২২, পদ ৩৪.

যখন ফারসীরা শুনিল, যে তিনি শাদুকীরদিগকে নিরুত্তর করিয়াছেন, তখন তাহারা আসিয়া একত্র হইল, এবং তাহারদের মধ্যে এক জন উপাধ্যায় পরীক্ষা করিয়া তাঁহাকে প্রশ্ন করিল, যে হে গুরো, ব্যবস্থার মধ্যে কোন্ আজ্ঞা বড়? যিশু তাহাকে কহিলেন, তুমি আপনার প্রভু ঈশ্বরকে তোমার সমস্ত চিত্তে ও সমস্ত প্রাণে ও সমস্ত অন্তঃকরণে প্রেম করিবা, এই প্রথম ও মহা আজ্ঞা; এবং দ্বিতীয় আজ্ঞা তাহার সদৃশ আছে, যে তুমি আপনার পড়সীকে আপনার তুল্য স্নেহ করিবা. এই দুই আজ্ঞার উপর সমস্ত ব্যবস্থা ও ভবিষ্যদ্বাণীর ভার থাকে. পরে ফারসীরা একত্র থাকিতে২ যিশু তাহারদিগকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, তোমরা খ্রীষ্টের বিষয়ে কি বুঝ, তিনি কাহার সন্তান? তাহারা কহিল, দাউদের. তিনি তাহারদিগকে বলিলেন, তবে দাউদ তাঁহাকে আত্মা দ্বারা প্রভু করিয়া কহিতেছেন কি রূপে? যে প্রভু আমার প্রভুকে কহিলেন, যাবৎ আমি তোমার শত্রুরদিগকে তোমার পায়ের পিঁড়ী না করিয়া দি, তাবৎ তুমি আমার দক্ষিণ পার্শ্বে বসিয়া থাক. অতএব যদি দাউদ তাঁহাকে প্রভু করিয়া বলেন, তবে তাহার সন্তান তিনি কি রূপ হইবেন? এবং কেহ এক কথা কহিয়া তাঁহাকে উত্তর দিতে পারিল না. এবং সেই

দিবসহইতে তাঁহার স্থানে কোন মনুষ্যের জিজ্ঞাসা করিবার সাহস ছিল না.

ত্রোকত্বের পর প্রভুর ঊনবিংশতি দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তোমার অনুগ্রহ ব্যতিরেক আমরা তোমাকে সন্তুষ্ট করিতে না পারিলে আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা দয়া পূর্ব্বক এই প্রদান করহ, যে তোমার ধর্ম্মাত্মা আমারদের অন্তঃকরণকে সকল বিষয় শিক্ষা করাইয়া শাসন করেন. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৪, পাদ ১৭.

অতএব ইহা আমি কহি, এবং প্রভুতে সাক্ষ্য দি, যে অন্যোন্য ভিন্নদেশিরা যেমত আপনারদের মনের ব্যর্থতাতে গতি করে, তোমরা আর সেই মত গতি যেন না কর; তাহারদের বুদ্ধি অন্ধকারময় ও তাহারদের অন্তঃকরণের অন্ধকারতার প্রযুক্ত তাহারদিগেতে যে অজ্ঞানতা আছে, তাহাতে তাহারা ঈশ্বরের জীবন গতিহইতে অন্যমন হইয়াছে; তাহারা পাষাণ মতি হইয়া সকল মল ক্রিয়া লালসা পূর্ব্বক পালন করিতে আপনারদিগকে কামাচারেতে সমর্পণ করিয়াছে. কিন্তু তোমরা খ্রীষ্টের কথা এই মত শিক্ষ নাই; কেননা তোমরা তাঁহার কথা শুনিয়াছ, এবং সত্য যেমত যিশুতে আছে, তদনুরূপে তাঁহাতে শিক্ষিত হইয়াছে, যে পূর্ব্বকার ব্যবহার বিষয়ে পুরাতন মনুষ্যটা যাহা ভণ্ডনীয় কামাদিক্রমে ভ্রষ্ট হইয়াছে, তাহা খসাইয়া ফেলিতে হয়, এবং আপনারদের জীবাত্মাতে নবীন হও; এবং

নূতন মনুষ্য যে ঈশ্বরানুরূপে যাথার্থ্যেতে ও শুদ্ধ সত্ব নির্ম্মলতাতে সৃষ্ট হয়, তাহা যেন পরিধান কর. এতদর্থে মিথ্যা কথা পরিত্যাগ করিয়া প্রতি জন আপন২ পড়সীর সঙ্গে সত্য কথা কহুক; কেননা আমরা পরস্পর অন্যোন্যের অঙ্গ আছি. ক্রুদ্ধ হইয়া পাপ করিও না; তোমারদের কোপের উপর সূর্য্য যেন অস্তগত না হয়; এবং শয়তানকে স্থানও দিওনা. যে চৌর সে আর চৌর্য্য কর্ম্ম না করুক, বরং স্বহস্তে কর্ম্ম কার্য্য করিয়া শ্রম করুক; তাহাতে দীনহীনকে তাহার দেওনের কিছু যোত্র থাকে. তোমারদের মুখহইতে কিছু কদালাপ যেন বাহির না হয়, কিন্তু ধর্ম্ম বৃদ্ধির নিমিত্তে যাহা ভাল হয়, তাহাতে যেন শ্রোতারদিগকে প্রসাদ দেওয়া যায়. এবং ঈশ্বরের ধর্ম্মাত্মা যাঁহার দ্বারা তোমরা মুক্তি হওনের দিন পর্য্যন্ত মোহরে ছাপা গিয়াছ, তাঁহাকে বিমর্ষ করিও না. তোমারদের নিকটহইতে সমস্ত দুর্ভাবের সহিত কটুতা ও উষ্মা ও কোপ ও গোলমাল ও কুৎসা কথা দূর করা যাউক. এবং তোমরা এক জন অন্যের প্রতি অনুকূল ও কোমলান্তঃকরণ হও. পরস্পর ক্ষমা করিতে প্রবৃত্ত হও, যেমন ঈশ্বর খ্রীষ্টের কারণ তোমারদিগকে ক্ষমা করিয়াছেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পত্র ৯, পদ ১.

য়িশু এক ডিঙ্গায় চড়িয়া পার হইয়া আপন নগরে আসিয়া পৌঁছিলেন; পরে দেখ তাহারা এক জনকে অর্দ্ধাঙ্গ ব্যাধিতে ব্যাধিত খাটের উপরে শোয়া তাঁহার নিকটে আনিলেক; ও য়িশু তাহারদের প্রত্যয় দেখিয়া সেই অর্দ্ধাঙ্গিকে কহিলেন, হে পুত্র, সুস্থির হও, তোমার পাপ ক্ষমা হইয়াছে. এবং দেখ কএক জন অধ্যাপক

আপনারদের মনেং কহিতে লাগিল, যে এই মনুষ্য ঈশ্বরাপমানক কথা কহিতেছে. যিশু এই অনুভব জানিয়া কহিলেন, তোমরা কি জন্যে আপনারদের মনেতে কুচিন্তা করহ? কি তোমার পাপ ক্ষমা হইয়াছে, বলিতে, কিম্বা গাত্রোত্থান করিয়া চল, বলিতে, ইহার কোন্ কথা সহজ? কিন্তু পৃথিবীতে পাপ ক্ষমা করিতে মনুষ্য পুত্রের শক্তি আছে, ইহা যেন তোমরা জ্ঞাত হও, তখন তিনি অর্দ্ধাঙ্গীকে কহিলেন, উঠ, তোমার শয্যা তুলিয়া লইয়া আপন বাটীতে যাও. এবং সে উঠিয়া আপন ঘরেতে চলিয়া গেল. কিন্তু লোক সকল দেখিয়া চমৎকৃত হইল, এবং ঈশ্বরের গৌরব করিতে লাগিল, যে তিনি মনুষ্যেরদিগকে এইমত শক্তি দিয়াছেন.

ত্রোকত্বের পর প্রভুর বিংশতি দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ এবং অতিদয়াময় ঈশ্বর, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে যে বস্তু সকল আমারদিগের অপকার করিতে পারে, তাহা আমারদিগহইতে দূর করহ, তাহাতে যেন আমরা শরীর ও জীবাত্মায় উদ্যোগী হইয়া, তোমার ইচ্ছানুসারে আমারদিগকে যাহা করিতে হয়, তাহা হৃষ্ট মতে নিষ্পন্ন করি. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৫, পদ ১৫.

দেখিও যে তোমরা সাবধান পূর্ব্বক গতি কর, নির্ব্বুদ্ধি লোকের মত নহে, কিন্তু জ্ঞানবানেরদের মত. কালকে স্বার্থক করিও; কেননা সময় মন্দ; এতদর্থে অবিবেক না হইয়া, ঈশ্বরের ইচ্ছা কি, তাহা তোমরা

জ্ঞাত হইয়া থাক; এবং মদিরাপানে মত্ত হইও না, যাহাতে বিপর্য্যয় হয়, কিন্তু আত্মাতে সম্পূর্ণ হও. অন্যোন্যের সহিত ভজনকীর্ত্তন স্তবাদি পারমার্থিক গানেতে আলাপ করিয়া প্রভুর প্রতি আপনারদের মনের মধ্যে সংকীর্ত্তন ও সুতান করিতে থাক. ঈশ্বর পিতাকে আমারদের প্রভু যিশু খ্রীষ্টের নামে সতত সকলের কারণ স্তব করিতে প্রবৃত্ত হইয়া ঈশ্বরের ভয়েতে পরস্পর এক জন অন্যের বশীভূত হও.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২২, পদ ১.

খ্রিষ্ট কহিলেন, যে স্বর্গের রাজ্য সে এক রাজার মত, যিনি আপন পুত্রের বিবাহ স্থির করিলেন, ও নিমন্ত্রিত লোকেরদিগকে বিবাহে ডাকিয়া আনিতে আপন ভৃত্যেরদিগকে প্রেরণ করিলেন; কিন্তু তাহারা আসিতে চাহিল না. পুনশ্চ তিনি অন্য ভৃত্যেরদিগকে পাঠাইয়া কহিলেন, আমন্ত্রিতেরদিগকে কহিয়া দেও, যে দেখ আমি আপন ভূরি ভোজ্যের আয়োজন করিয়াছি, আমার বলদ ও হৃষ্টপুষ্ট জন্তু সকল মারা গিয়াছে, এবং সকল সামগ্রী প্রস্তুত হইয়াছে, বিবাহেতে আইস; কিন্তু তাহারা অবহেলা করিয়া এক জন আপন ক্ষেত্রে, অন্যটা আপন বাণিজ্যে চলিয়া গেল, এবং অন্য সকল তাহার অনুচরেরদিগকে ধরিয়া দৌরাত্ম্য ব্যবহার করিয়া তাহারদিগকে মারিয়া ফেলিল. কিন্তু সে রাজা যখন ইহার সংবাদ পাইলেন, তখন তিনি কোপাবিষ্ট হইলেন, ও আপন সৈন্যসামন্ত পাঠাইয়া সেই বধিকেরদিগকে নষ্ট করিয়া তাহারদের পুরী পোড়াইয়া দিলেন. তখন তিনি অনুচরেরদিগকে কহিলেন, বিবাহতো প্রস্তুত আছে, কিন্তু যে সকল নিমন্ত্রিত ছিল, তাহারা অযোগ্য পাত্র ছিল. অতএব তোমরা

রাজপথে যাইয়া যতেকের দেখা পাও, তাহারদিগকে বিবাহেতে আহ্বান করহ. অতএব সে অনুচরেরা রাজপথে গেল, এবং ভাল মন্দ যত লোকেরদের দেখা পাইল, তাহারা সকলেরদিগকে জড় করিল, এবং সে বিবাহের প্রচুর মত অভ্যাগত হইল. অনন্তর রাজা অভ্যাগত সকলেরদিগকে দেখিতে ভিতরে আসিয়া বিবাহ বস্ত্র বিহীন এক জনকে সাক্ষাতে দেখিলেন, এবং তিনি তাহাকে কহিলেন, হে মিত্র, তুমি কেমনে বিবাহ বস্ত্র বর্জ্জিত এখানে আইলা? তাহাতে সে নিরব হইল. তখন সে রাজা অনুচরেরদিগকে কহিলেন, তাহার হাত পা বাঁধিয়া তাহাকে লইয়া যাইয়া বহির্ভূত অন্ধকারে ফেলাইয়া দেও; সেখানে ক্রন্দন ও দন্তের কড়মড়ি হইবে. কেননা অনেক আহ্বানিত হয়, কিন্তু অল্প জন মনোনীত.

ত্রোকত্বের পর প্রভুর একবিংশতি দিবস.

প্রার্থনা.

হে দয়ালু প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপন বিশ্বাসি লোকেরদিগকে ক্ষমা ও শান্তি প্রদান করহ, তাহাতে যেন আপনারদের পাপ সকলহইতে পরিষ্কৃত হইয়া আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা স্বান্ত মনেতে তোমার সেবা করি. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৬, পদ ১০.

আমার ভ্রাতৃ তোমরা প্রভুতে ও তাঁহার শক্তির প্রভাবেতে প্রবল হও. ঈশ্বরের যুদ্ধের পূর্ণ সাজ পরিধান করহ, যে শয়তানের ছল প্রতি তোমরা স্থির থাকিতে পার. কেননা রক্তমাংসের সহিত আমার-

দের মল্লযুদ্ধ নহে, কিন্তু প্রধানাধিকারিরদের সঙ্গে, বিক্রমাধিকারিরদের সঙ্গে, এই জগতের অন্ধকারের অধিপতিগণের সঙ্গে, স্বর্গস্থিত দুরাত্মারদের সঙ্গে. ইহার কারণ ঈশ্বরের পূর্ণ সাঁজওয়া আপনারদের নিকটে লও, যেন মন্দ সময়ে তোমরা প্রতিরোধ করিতে, এবং সকল কর্ম্ম করিলে পরে স্থির থাকিতে পার. অতএব স্থির হও, তোমারদের মধ্যদেশে সত্যেতে বেষ্টিত, ও যাথার্থ্যরূপ বুকপাটাতে সজ্জিত; এবং তোমারদের পা সম্মিলনের মঙ্গলসমাচারের সাজেতে পাদুকাযুক্ত; সকলের উপর প্রত্যয়ের ঢাল লও, যাহাতে দুরাত্মার অগ্নিবাণ সকল নির্ব্বাণ করিতে সাধ্যযুক্ত হইবা, এবং ত্রাণের টোপর, ও আত্মার খড়্গ অর্থাৎ ঈশ্বরের বাণী ধারণ করহ. এবং সর্ব্বপ্রার্থনায় ও যাচ্ঞায় সর্ব্বকালে আত্মাতে প্রার্থনা করহ; এবং তাহাতে নিত্য প্রবৃত্ত হইয়া সকল পুণ্যবানেরদের ও আমার কারণ যাচ্ঞা করিতে সচেতন থাক, আমি যে মঙ্গলসমাচারের নিমিত্তে বন্ধী হইয়া দৌত্য কর্ম্ম সাধিতেছি, নির্ভয়ে সে মঙ্গলসমাচারের নিগূঢ় তত্ত্ব প্রকাশ করণার্থে আমার মুখ খুলিয়া আমাকে উক্তি করিবার শক্তি দেওয়া যায়, যেমন আমার কর্ত্তব্য, তেমন আমি যেন নির্ভয়ে কথা কহি.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ৪, পদ ৪৬.

এক মহা লোক ছিল, যাহার পুত্র কাপরনাহমে ব্যাধিগ্রস্ত ছিল; সে যখন শুনিলেক যে য়িশু য়িহুদা দেশহইতে গালিলিতে আসিয়াছেন, তখন তাঁহার স্থানে যাইয়া তাঁহাকে প্রার্থনা করিলেক, যে আপনি আমার পুত্রকে সুস্থ করুন; কেননা তাহার আসন্নকাল উপস্থিত হইল. তখন য়িশু তাহাকে কহিলেন, তোমরা চিহ্ন এবং

আশ্চর্য্য কর্ম্ম না দেখিয়া প্রত্যয় করিবা না. সে মহালোক তাঁহাকে কহিল, হে মহাশয়, আমার পুত্রের প্রাণ থাকিতেই আইসুন. য়িশু তাহাকে কহিলেন, যাও, তোমার পুত্র বাঁচিল. এবং যে কথা য়িশু তাহাকে বলিয়াছিলেন, সে মনুষ্য তাহা প্রত্যয় করিয়া চলিয়া গেল. পথে যাইতেং তাঁহার ভৃত্যেরা তাহার সাক্ষাৎ পাইয়া তাহাকে কহিল, তোমার পুত্র বাঁচিয়াছে. তখন সে তাহারদিগকে জিজ্ঞাসা করিল, যে কোন্ সময়হইতে সে সুস্থ হইতে লাগিল; তাহারা বলিল, কল্য দুই প্রহর আড়াই দণ্ডের সময়ে জ্বর তাহাকে ছাড়িয়াছে. অতএব পিতা জানিল, যে সেই দণ্ডেই য়িশু তাহাকে বলিয়াছিলেন, তোমার পুত্র বাঁচিল. এবং আপনি সপরিবারে বিশ্বাস করিল. য়িশু য়িহুদা দেশহইতে গালিলিতে আসিয়া যে আশ্চর্য্য করিলেন, তাহার দ্বিতীয় এই.

ত্রোকত্বের পর প্রভুর দ্বাবিংশতি দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি যে আপন গৃহস্বরূপ মণ্ডলীকে অনবরত ধর্ম্মাচরণে স্থির করিয়া তোমার তত্ত্বাবধারণ দ্বারা সকল বিপদহইতে রক্ষা করহ, এবং সে যেন তোমার সেবা করিতে ধর্ম্মরূপে প্রবৃত্ত হয়, ইহা আপন নামের সম্মানার্থে আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ফিলিপী. পর্ব্ব ১, পদ ৩.

আমি তোমারদের মঙ্গলসমাচারের সহভাগার্থে তাহার প্রথম

দিনাবধি এখন পর্য্যন্তই সতত আপনার সর্ব্ব প্রার্থনায় তোমাসকলের কারণ সানন্দে কাকুতি করিয়া, যতবার তোমারদের উক্তি করি, ততবার আমি আপন ঈশ্বরের ধন্যবাদ করিতেছি. এই এক কথায় আমার দৃঢ় বিশ্বাস আছে, যে তোমারদের মধ্যে যিনি ভাল কর্ম্ম করিতে আরম্ভ করিয়াছেন, তিনি য়িশু খ্রীষ্টের দিবস পর্য্যন্ত তাহার সিদ্ধি করিবেন. অতএব তোমাসকলের প্রতি আমার সেই রূপ অনুভব করা উপযুক্ত; কেননা আমার বন্ধনে, এবং মঙ্গলসমাচারের রক্ষা ও স্থাপন করণে, এই উভয়েতেই আমি তোমারদিগকে মনে রাখিতেছি, যেমত আমার সঙ্গে তোমরা সকলে অনুগ্রহের সহভাগীও আছ: কেননা তোমাসকলের প্রতি আমার কি রূপ হাপ্রত্যাশা আছে, তাহাতে ঈশ্বর আমার সাক্ষী আছেন. এবং ইহা আমি প্রার্থনা করি, যে জ্ঞানেতে ও সর্ব্ববোধেতে তোমারদের প্রেম আরং বাড়ে, তাহাতে যেন তোমরা বিশেষ কথার পরখ করিয়া ঈশ্বরের গুণানুবাদ ও প্রশংসা হইবার নিমিত্তে য়িশু খ্রীষ্টের দ্বারা যাথার্থ্যের ফলেতে পরিপূর্ণ হইয়া খ্রীষ্টের দিবস পর্য্যন্ত নিষ্কপট ও ঠেষ লাগান রহিত যেন থাক.

মঙ্গলসমাচার, মাতিউ. পর্ব্ব ১৮, পদ ২১.

পিতর য়িশুকে কহিলেন, হে প্রভো, আমার ভ্রাতা আমার প্রতি কতবার অপরাধ করিলে আমি তাহাকে ক্ষমা করিব, কি সাতবার পর্য্যন্ত? য়িশু তাহাকে কহিলেন, আমি তোমাকে সাতবার পর্য্যন্ত কহি না, বরঞ্চ সত্তর সাতবার পর্য্যন্ত. অতএব স্বর্গের রাজ্য এক রাজার তুল্য, যে আপন ভৃত্যগণের সহিত লেখাযোখা সমাধা করিতে স্থির করিল, এবং সংখ্যা করিতে আরম্ভ করিলে এক জন তাহার

স্থানে আনা গেল, যে তাহার তিন কোটি টাকা ধারিত; কিন্তু তাহার শোধ করিবার যোত্র না হওয়াতে তাহার পুভু তাহাকে স্ত্রী ছাওয়াল সর্ব্বস্ব সমেত বিক্রয় করিয়া পরিশোধ করিয়া লইতে আজ্ঞা দিলেক. অতএব সে ভৃত্য তাহার চরণে অষ্টাঙ্গে পড়িয়া কহিল, হে পুভো, আমার পুতি ধৈর্য্য করুন, তবে আমি সমূহ পরিশোধ করিব. তখন সে ভৃত্যের পুভু সকরুণ হইয়া তাহাকে মুক্ত করিলেন; এবং সে ঋণও ছাড়িয়া দিলেন. কিন্তু সেই ভৃত্য বাহিরে গিয়া আপনার এক জন সহভৃত্য, যে তাহার এক শত সিকা ধার রাখিত, ইহার দেখা পাইয়া তাহার গলা ধরিয়া কহিল, আমাকে তোর ধার পরিশোধ করিস. তখন তাহার সহভৃত্য তাহার পায়েতে পড়িয়া তাহাকে কাকুতি করিতে লাগিল, যে আমার পুতি ধৈর্য্য কর, তবে আমি সমূহ পরিশোধ করিব. তথাচ সে স্বীকৃত হইল না, কিন্তু যাইয়া তাহাকে কারাগারেতে রাখিয়া দিল, যদবধি সে ধারের শোধ না করে. অতএব তাহার সহভৃত্যেরা যখন এই কর্ম্ম দেখিল, তখন তাহারা অতি উদ্বিগ্ন হইল, এবং আসিয়া, তাহারদের পুভুকে কিং হইয়াছে, তাহা সকল কহিয়া দিল. তখন তাহার পুভু তাহাকে ডাকিয়া আনাইয়া কহিল, ওরে দুষ্ট ভৃত্য, তুই আমার দয়া চাহিলে, আমি সেই সমস্ত ঋণ তোর স্থানে ছাড়িয়া দিলাম. অতএব যেমত আমি তোর উপর দয়া করিয়াছিলাম, সেইমত তোকে আপন সহভৃত্যের উপর কৃপা করা কি উপযুক্ত ছিল না? পরে তাহার পুভু ক্রুদ্ধ হইয়া তাহার স্থানে আপনার পাওয়া যাবৎ সে না দেয়, তাবৎ তাহাকে যন্ত্রণা ভুঞ্জিতে কোটালেরদের স্থানে সমর্পণ করিলেন. এই মতও আমার স্বর্গীয় পিতা তোমারদিগকে করিবেন, যদিস্যাৎ তোমরা পুতি

জন আপন২ ভ্রাতার অপরাধ তাহারদের স্থানে সান্তঃকরণে ক্ষমা না কর.

ত্রোকস্বের পর প্রভুর ত্রয়োবিংশতি দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তুমি আমারদের শরণ ও বল, সকল ধর্ম্মের জন্মদাতা; আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপনার মণ্ডলীর একান্ত প্রার্থনা শুন, এবং যাহা আমরা প্রত্যয় পূর্ব্বক যাচ্ঞা করি, তাহা যেন নিতান্ত পাই, ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ফিলিপী. পর্ব্ব ৩, পদ ১৭.

হে ভ্রাতৃরা, আমার অনুগামী হও, এবং যেমত আমরা তোমারদের দৃষ্টান্ত আছি, তদনুক্রমে যাহারা গতি করে, তাহারদিগকে তোমরা চিনিয়া রাখ; কেননা অনেকের গতি আছে, যাহারদের বৃত্তান্ত আমি তোমারদিগকে অনেকবার কহিয়াছি, এবং এখনও ক্রন্দন করত কহিতেছি, যে তাহারা খ্রীষ্টের ক্রূশের বৈরী, যাহারদের শেষ নাশ, যাহারদের ঈশ্বর আপনারদের উদর, যাহারদের গৌরব আপনারদের লজ্জা, ও যাহারা সাংসারিক বিষয়েতে মগ্ন থাকে. কিন্তু আমারদের আলাপ ব্যবহার স্বর্গেতে আছে, যেখানহইতে আমরা প্রভু যিশু খ্রীষ্ট ত্রাণকর্ত্তার অপেক্ষা করিতেছি, যিনি যে কৃতি শক্তিতে সমস্ত বস্তুকে আপনার বশ করিতে পারেন, তদনুক্রমে তিনি আমারদের ছার শরীরকে অন্যরূপ করিবেন, যেন আপনার জ্যোতির্ময় শরীরানুরূপে নির্ম্মিত হয়.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ২২, পদ ১৫.

তখন ফারসী বর্গ যাইয়া তাঁহার কথোপকথনে ফাঁদ কি রূপে ল'গাইতে পারে, ইহার পরামর্শ করিতে লাগিল. পরে তাহারা হেরোদিয়া বর্গের সঙ্গে আপনারদের শিষ্যগণের দ্বারায় তাঁহাকে কহাইয়া পাঠাইলেক, যে হে গুরো, আমরা জানি, যে আপনি সত্য বটেন, ও ঈশ্বরের পথ সত্যরূপে শিক্ষাইতেছেন, এবং কাহাকেও মানেন না; কেননা আপনি মনুষ্যেরদের মুখাপেক্ষা করেন না. অতএব কাইসরকে কর দেওয়া কর্ত্তব্য আছে কি না, আপনি কি বুঝিতেছেন? আমারদিগকে বলুন. কিন্তু য়িশু তাহারদের দুষ্টতা বোধ করিয়া কহিলেন, ও হে কপটি সকল, আমাকে কি জন্যে পরীক্ষা করহ? আমাকে করের মুদ্রা দেখাও; এবং তাহারা এক সুকী তাঁহার নিকটে আনিয়া দিল. তখন তিনি তাহারদিগকে কহিলেন, এই মূর্ত্তি ও লেখা কাহার? তাহারা কহিল, কাইসরের. তখন তিনি তাহারদিগকে বলিলেন, তবে কাইসরের বস্তু কাইসরকে দেও, ও ঈশ্বরের বস্তু ঈশ্বরকে দেও. এই কথা শুনিয়া তাহারা আশ্চর্য্য মানিল, ও তাঁহাকে ছাড়িয়া চলিয়া গেল.

ত্রোকত্বের পর প্রভুর চতুর্বিংশতি দিবস.

প্রার্থনা.

হে প্রভু, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপন লোকেরদের অপরাধ সকল ক্ষমা করহ, তাহাতে আপনারদের দুর্ব্বলতা প্রযুক্ত যে পাপ সকল আমরা করিয়াছি, তাহার বন্ধনহইতে তোমার

অতিশয় দয়ার দ্বারা যেন মুক্তি পাই. হে স্বর্গস্থ পিতঃ, আমারদের ধন্য প্রভু ও ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্টের নিমিত্তে এই প্রদান করহ. আমেন.

পত্র. কলশী. পর্ব্ব ১, পদ ৩.

যিশু খ্রীষ্টেতে তোমারদের প্রত্যয় ও পুণ্যবানেরদের প্রতি তোমারদের প্রেমের বৃত্তান্ত শুনিয়া আমরা নিজ প্রভু যিশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতাকে স্তব করিয়া তোমারদের কারণ সতত প্রার্থনা করিতেছি, সেই ভরসা পূর্ব্বক যে তোমারদের কারণ স্বর্গেতে সঞ্চিত হইয়াছে, ও যাহার বৃত্তান্ত তোমরা মঙ্গলসমাচারের সত্য বাণীতে পূর্ব্বে শুনিয়াছিলা, ও যেমন তোমারদের স্থানে তেমনি সমুদায় জগতে প্রকাশ হইয়াছে, এবং যদবধি তোমরা সত্যেতে ঈশ্বরের অনুগ্রহ শুনিয়াছ ও জ্ঞাত হইয়াছ, তদবধি যাদৃশ তোমারদের মধ্যে ফলবান তাদৃশ সর্ব্বত্র ফলবান হইয়াছে; যেমন আমারদের প্রিয় সহভৃত্য এপাফ্রস যে তোমারদের কারণ খ্রীষ্টের বিশ্বাসি সেবক, তাহার স্থানেও তোমরা অবগত হইয়াছ, সেও আমারদিগকে তোমারদের আত্মাগত প্রেম জানাইয়াছে, ইহার কারণ আমরা যে দিবসে শ্রবণ করিলাম, সেই দিবসাবধি তোমারদের কারণ প্রার্থনা করিতে ও যাচ্ঞা নিবেদিতে নিরস্ত হই নাই, যে তোমরা সকল জ্ঞান ও আত্মিক বোধেতে তাঁহার ইচ্ছা পরিপূর্ণ রূপে জ্ঞাত হও, যে তোমরা সকল সুক্রিয়াতে ফলবন্ত, ও ঈশ্বরের জ্ঞানে বর্দ্ধমান হইয়া তাঁহার তেজোময় শক্ত্যনুসারে প্রমোদ পূর্ব্বক সকল ক্ষান্তি ও চিরসহিষ্ণুতা সাধনার্থে সকল সামর্থ্যেতে দৃঢ়তর হইয়া পিতা যিনি আমারদিগকে পুণ্যবানেরদের দীপ্তিস্থিত অধিকারের সহভাগার্থে উপযুক্ত পাত্র করিয়া দিয়াছেন, তাঁহার ধন্যবাদেতে প্রবৃত্ত হইয়া প্রভুর যোগ্যপাত্র মত সর্ব্বতোষণীয় রূপ ব্যবহার কর.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ৯, পদ ১৮.

য়িশু য়োহনের শিষ্যগণেরদিগকে এই কথা কহিতে২, দেখ এক জন অধ্যক্ষ আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিলেক, আমার কন্যা এখন মৃতা প্রায় হইল, কিন্তু আইসুন, আপনকার হস্ত তাহার উপর দিউন, তবে সে বাঁচিবে. তখন য়িশু উঠিয়া নিজ শিষ্যগণের সহিত তাহার পশ্চাৎ চলিলেন. ইহাতে, দেখ, এক স্ত্রীলোক দ্বাদশ বৎসর হইতে প্রদর ব্যাধিতে ব্যাধিতা য়িশুর পশ্চাৎ দিকে আসিয়া তাঁহার বস্ত্রের আঁচলা স্পর্শ করিল; কেননা সে আপনার মনে২ ভাবিয়াছিল, যদি আমি কেবল তাঁহার বস্ত্র ছুইতে পাই, তবে আমি সুস্থা হইব. কিন্তু য়িশু আপন মুখ ফিরাইয়া যখন তাহাকে দেখিলেন, তখন তিনি কহিলেন, কন্যা গো, সুস্থিরা হও, তোমার প্রত্যয় তোমাকে সুস্থা করিয়া দিয়াছেন. এবং সে স্ত্রীলোক সেই দণ্ডহইতেই সুস্থা হইল. পরে য়িশু সে অধ্যক্ষের ঘরে আসিয়া বাদ্যকর ও লোক সকলকে কলরব করিতে দেখিয়া তিনি তাহারদিগকে কহিলেন, পথ ছাড়; কন্যাটি মৃতা নহে, কিন্তু নিদ্রিতা আছে. তখন তাহারা তাঁহাকে পরিহাস করিতে লাগিল. কিন্তু লোক সকল বাহির করা গেলে পরে, তিনি ভিতরে গিয়া তাহার হস্ত ধারণ করিলে কন্যা উঠিল; এবং তাঁহার খ্যাতি সে দেশাবধি প্রকাশিত হইল.

ত্রোকত্ত্বের পর প্রভুর পঞ্চবিংশতি দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আপন বিশ্বাসি লোকেরদের মনের চেতনা কর, তাহাতে যেন ভাল কর্ম্মরূপ ফল

বাহুল্য রূপে ধরিয়া আমারদের পুভু য়িশু খ্রীষ্টের দ্বারা তোমাহইতে বাহুল্য পুতিফল পাই. আমেন.

পত্রের বদলে. য়িরমীয়া. পর্ব্ব ২৩, পদ ৫.

য়িহুহা কহেন, দেখ, যে কালে আমি দাউদের বংশে যথার্থ এক শাখা উৎপন্ন করিব, এবং যাহাতে এক রাজা রাজ্য করিবেন ও ভাগ্যবান হইবেন, এবং পৃথিবীতে ধর্ম্ম ও যাথার্থ্য পালন করিবেন, এমন কাল আসিতেছে. তাঁহার কালে য়িহুদার ত্রাণ হইবে, এবং য়িশ্রাএল নিরাপদে বাস করিবে; এবং যে নামেতে তিনি খ্যাত হইবেন, সে এই, য়িহুহা আমারদের যাথার্থ্য. অতএব য়িহুহা কহেন, দেখ, য়িশ্রাএলের সন্তানেরদিগকে মিসর দেশহইতে আনিলেন যে য়িহুহা, তিনি জীবৎ, এ কথা যে কালে তাহারা আর কহিবে না, কিন্তু য়িশ্রাএলের বংশকে উত্তর দেশহইতে এবং যে সকল দেশে আমি তাহারদিগকে খেদাইয়া দিয়াছিলাম, সে সকল দেশহইতে তাহারদিগকে আনিলেন ও পুবেশ করাইলেন এমন যে য়িহুহা, তিনি জীবৎ, এ কথাই যে কালে তাহারা কহিবে, এমন কাল আসিতেছে. তখন তাহারা আপন দেশে বাস করিবে.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ৬, পদ ৫.

য়িশু চক্ষু উঠাইয়া মহা লোকারণ্য আপন নিকটে আসিতে দেখিয়া ফিলিপ্‌কে কহিলেন, ইহারদের ভোজন কারণ আমরা কোথাহইতে রুটী কিনিব? কিন্তু তাহার পরীক্ষার নিমিত্তে ইহা কহিলেন; কেননা আপনি যে কর্ম্ম করিতে স্থির করিয়াছিলেন, তাহা তিনি জানি

লেন. ফিলিপ্ উত্তর দিল, যে ইহারদের কারণ যদিতু প্রত্যেক জন কিঞ্চিৎ২ লয়, তবু এক শত সুকীর রুটী হইলেও পুতুল হইবেক না. তাঁহার এক জন শিষ্য আন্দ্রেয়স শীমন পিতরের ভাই সে বলিল, এক বালক এখানে আছে; তাহার স্থানে পাঁচটা যবের রুটী এবং দুইটা ছোট মৎস্য আছে; কিন্তু এত লোকের মধ্যে ইহাতে কি হইবে? পরে য়িশু কহিলেন, মনুষ্যেরদিগকে বসাইয়া দেও. সে স্থানে বিস্তর ঘাস ছিল; অতএব সে পুরুষেরা ভূমিতে বসিল, তাহারদের গণনা ন্যূনাতিরেক সহস্র পাঁচেক জন ছিল. তাহার পরে য়িশু সেই রুটী লইলেন, এবং স্তব করিয়া শিষ্যেরদিগকে বাঁটিয়া দিলেন, এবং শিষ্যেরা সেই উপবিষ্ট লোকেরদিগকে বণ্টন করিলেক, এবং মৎস্যও, যত তাহারা ইচ্ছা করিল. পরে তাহারদের উদর পূর্ণ হইলে তিনি আপন শিষ্যেরদিগকে কহিলেন, অবশিষ্ট গুঁড়াগাঁড়া সকল কুড়াইয়া একত্র কর, যেন কিছু ক্ষতি না হয়. অতএব তাহারা সমস্ত একত্র করিল, এবং সেই ভুক্তলোকের ভোজন পরে সে পাঁচ যব রুটীর গুঁড়াগাঁড়া যে উদ্বর্ত্ত থাকিল, তাহা দিয়া দ্বাদশ ডালা পূর্ণ করিল. অতএব সে মনুষ্যেরা যখন য়িশুর কৃত এই আশ্চর্য্য দেখিল, তখন তাহারা বলিতে লাগিল, অবশ্য ইনি সেই ভবিষ্যদ্বক্তা যাঁহার জগতে আসিবার অপেক্ষা ছিল.

সাধু আন্দ্রেয়স প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন প্রেরিত সাধু আন্দ্রেয়সকে এমন ধর্ম্ম প্রসাদ দিয়াছ, যাহাতে তিনি হৃষ্টচিত্তে তোমার পুত্র য়িশু

খ্রীষ্টের আহ্বান মানিয়া অবিলম্বে তাঁহার পশ্চাদ্গামী হইলেন; তাদৃশে আমারদিগকেও ঐ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ, যে তোমার পুণ্য বাক্যেতে আহুত হইয়া স্বেচ্ছাপূর্ব্বক তোমার পুণ্য আজ্ঞা সকল পূর্ণ করিতে তৎক্ষণাৎ আপনারদিগকে নিযুক্ত করি. আমেন.

পত্র. রূমী. পর্ব্ব ১০, পদ ৯.

যদি তুমি স্বমুখে প্রভু য়িশুকে স্বীকার কর, এবং যে ঈশ্বর তাঁহাকে মৃত্যুহইতে উঠাইয়াছেন, তাহা আপন মনে বিশ্বাস কর, তবে তুমি পরিত্রাণ পাইবা. কেননা মনেতে প্রত্যয় করিলে মনুষ্য যাথার্থ্য পায়, এবং মুখেতে স্বীকার করিলে পরিত্রাণ প্রাপ্ত হয়. কেননা গ্রন্থেতে উক্ত আছে, যে কেহ তাঁহাতে প্রত্যয় করে, সে লজ্জিত হইবে না. কেননা য়িহুদীতে ও য়ুনানীতে কিছু ভিন্ন ভেদ নাই; কিন্তু যিনি সকলের এক প্রভু, তিনি আপনার কাছে প্রার্থনাকারি সকলের প্রতি ধনবান আছেন. কেননা যে কেহ প্রভুর নাম লইয়া প্রার্থনা করে, সে পরিত্রাণ পাইবে. তবে যাহার উপর তাহারা প্রত্যয় করে নাই, তাহার কাছে তাহারা কেমনে প্রার্থনা করিবে? ও যাহার বার্ত্তা তাহারা পায় নাই, তাহাতে কি রূপে প্রত্যয় করিবে? ও প্রচারক ব্যতিরেকে তাহারা কি মতে বার্ত্তা পাইবে? অপর প্রেরিত না হইলে তাহারা কেমন করিয়া প্রচার করিবে? যেমন লিপি আছে, শান্তির মঙ্গলসমাচার যাহারা আনে, ও ভাল বিষয়ের আনন্দ বার্ত্তা ঘোষণা দেয়, তাহারদের চরণ কেমন মনোহর? কিন্তু সে মঙ্গলসমাচার তাহারা সকলেই মানিল না. কেননা য়িশায়াহ কহিতেছেন, হে

প্রভু, আমারদের সম্বাদ কেটা প্রত্যয় করিয়াছে? অতএব শ্রবণ করা-
তে প্রত্যয়, এবং ঈশ্বরের বাণীতে শ্রবণ করা. কিন্তু আমি বলি, কি
তাহারা শুনিল না? অবশ্য তাহারদের রব পৃথিবী পর্য্যন্ত এবং
তাহারদের বাণী জগতের সীমাবধি গিয়াছে. কিন্তু আমি বলি, য়িশ্রা-
এল কি জানিল না? কেননা প্রথমে মোশে কহিতেছেন, আমি হীন
রাজ্যের দ্বারা তোমারদের তাপ জন্মাইব, এবং মূর্খ লোকের দ্বারা
তোমারদিগকে রোষাইয়া দিব. কিন্তু য়িশায়াহা অতি সাহসী হইয়া
কহিতেছেন, যাহারা আমাকে অন্বেষণ করিল না, তাহারা আমার
উদ্দেশ পাইয়াছে; যাহারা আমার তত্ত্ব করিল না, তাহারদের
স্থানে আমি প্রকাশিত হইয়াছি. কিন্তু য়িশ্রাএলের বিষয়ে তিনি
কহিতেছেন, আমি এক অনাজ্ঞাবহ এবং ঠেকরিয়া বর্গ প্রতি সমস্ত
দিন আপনার হস্ত বিস্তার করিয়াছি.

মঙ্গলসমাচার, মাতিউ. পর্ব্ব ৪, পদ ১৮.

য়িস্ত গালিলি সাগরের তীরে চলিতে২ শীমন যাহাকে পিতর বলে,
ও তাহার ভাই আন্দ্রেয়স দুই ভ্রাতাকে সাগরের মধ্যে জাল ফেলিতে
দেখিলেন; কেননা তাহারা মাছুয়া ছিল. তিনি তাহারদিগকে কহি-
লেন, আমার পশ্চাৎ আইস; ও আমি তোমারদিগকে মনুষ্যধারক
করিব; এবং তৎক্ষণাৎ তাহারা জাল পরিত্যাগ করিয়া তাঁহার
পশ্চাৎ গমন করিল. পরে সেখানহইতে যাইতে২ আর দুই ভ্রাতা
জেবদীর পুত্র য়াকুব ও তাহার ভাই য়োহনকে এক নৌকায় তাহার
পিতা জেবদির সহিত জাল সারিতে দেখিলেন, এবং তিনি তাহার-
দিগকে ডাকিলেন. তাহাতে তাহারা তৎক্ষণে নৌকা ও আপনার-
দের পিতাকে ছাড়িয়া তাঁহার পশ্চাৎ গেল.

সাধু তোমাস্ প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবী ঈশ্বর, তুমি সত্য ধর্ম্মকে অধিক প্রামাণ্য করিবার কারণ আপনার প্রেরিত সাধু তোমাস্‌কে আপন পুত্রের পুনরুত্থানের বিষয়ে সন্দেহ করিতে দিয়াছ; অতএব এই প্রদান করহ যে আমরা তোমার পুত্র য়িশু খ্রীষ্টেতে এমত সম্পূর্ণরূপে সন্দেহ রহিত হইয়া বিশ্বাস করি, যেন আমারদের প্রত্যয় তোমার সাক্ষাতে কখনও নিন্দ্য হয় না. হে প্রভো, এই য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদের প্রার্থনা শুন. তাঁহার এবং তোমার এবং ধর্ম্মাত্মার সকল সম্মান ও গৌরব এখন ও সদাসর্ব্বক্ষণে হউক. আমেন.

এফিসী. পর্ব্ব ২, পদ ১৯.

অতএব এখন তোমরা আর অন্য জাতীয় ও বিদেশী নহ, কিন্তু পুণ্যবানেরদের সহনিবাসী এবং ঈশ্বরের পরিজন, প্রেরিত ও ভবিষ্যদ্বক্তৃগণ স্বরূপ বনিয়াদের উপরে গ্রথিত; য়িশু খ্রীষ্ট আপনি কোণের প্রধান প্রস্তর; তাঁহাতে সমুদায় গাঁথনি পরিপাটী রূপ সংলগ্ন হইয়া প্রভুতে এক শুদ্ধময় মন্দির বাড়িয়া উঠে; তাঁহাতে তোমরাও আত্মার দ্বারা ঈশ্বরের এক আলয়ের কারণ এক সঙ্গে গাঁথা যাইতেছ.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ২০, পদ ২৪.

দ্বাদশের এক জন তোমাস্ যাহাকে দ্বিদিমা বলে, যখন য়িশু আইলেন, তখন সে তাহারদের সঙ্গে ছিল না. অতএব অন্য শিষ্যগণ তাহাকে কহিল, আমরা প্রভুর দেখা পাইয়াছি; কিন্তু সে তাহারদিগকে

বলিল, যে তাঁহার হস্তে প্রেকের চিহ্ন না দেখিলে এবং প্রেকের চিহ্নে আমার অঙ্গুলী না দিলে, অপর তাঁহার কুক্ষিদেশে আমার হাত না সেঁধ্যাইলে আমি বিশ্বাস করিব না. পুনশ্চ অষ্ট দিবস পরে তাঁহার শিষ্যগণ ভিতরে ছিল, এবং তোমাস্ও তাহারদের সহিত. তাহাতে দ্বার সকল রুদ্ধ হইলে য়িশু তাহারদের মধ্যখানে উপস্থিত হইয়া কহিলেন, যে তোমারদিগের শান্তি হউক. তখন তিনি তোমাস্‌কে কহিলেন, তুমি অঙ্গুলী এ দিকে বিস্তার কর, এবং আমার হাতও দেখ, পরে তুমি হাত বাড়াইয়া আমার কুক্ষিদেশে প্রবেশ করাইয়া দেও, এবং অনাস্তিক না হইয়া বিশ্বাসযুক্ত হও. তখন তোমাস্ তাঁহাকে উত্তর করিল, হে আমার প্রভো ও আমার ঈশ্বর! য়িশু তাহাকে কহিলেন, হে তোমাস্, তুমি দেখিয়াছ, এই নিমিত্তে তুমি বিশ্বাস করিতেছ; যে না দেখিয়া বিশ্বাস করে, সেই ধন্য. এবং য়িশু আপন শিষ্যেরদের সাক্ষাতে আর ২ অনেক চিহ্ন দেখাইলেন; তাহা এই পুস্তকে লেখা যায় নাই; কিন্তু এ সকল লেখা আছে যেন তোমারদের বিশ্বাস হয়, যে য়িশু ঈশ্বরের পুত্র খ্রীষ্ট আছেন, এবং বিশ্বাস করিয়া তাঁহার নাম দিয়া যেন তোমারদের জীবন লাভ হয়.

সাধু পাওলের মন ফিরাণের স্মরণার্থ দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, সাধু পাওল প্রেরিতের প্রচার করাতে তুমি মঙ্গলসমাচারের দীপ্তিকে সমুদায় জগতে প্রকাশ করিয়াছ; আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আমরা তাহার আশ্চর্য্য রূপ মনফিরাণকে স্মরণে রাখিয়া, ইহার কারণ তোমার গুণানুবাদ করিবার নিমিত্তে, যে

ধর্ম্মোপদেশ তিনি দিয়াছেন, তদনুসারে আপনারদের পুভু যিশু খ্রীষ্টের দ্বারা আচরণ করি, ইহা পুদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ৯, পদ ১.

শাওল পুভুর শিষ্যেরদের পুতি অদ্যাপিও বিনাশ পুতিজ্ঞায় সশ্বাসেতে গর্জ্জিতে২ মহাযাজকের নিকটে আসিয়া তাহার স্থানে দমাস্কের সিনাগগ সকলের নামে পত্র পাতী চাহিল, যে এইমতেরদিগকে কেহ যদি পায়, পুরুষ হউক বা স্ত্রী হউক, সে তাহারদিগকে বান্ধিয়া যিরুশালমে আনিয়া দেয়. পরে গমন করিতে২ দমাস্কের নিকটে উপস্থিত হইলে অকস্মাৎ স্বর্গহইতে এক জ্যোতি তাহার চতুষ্পার্শ্বে চমকিতে লাগিল; এবং সে ভূমিতে পড়িয়া আপনার পুতি এক রব শুনিল, যে হে শাওল২, আমাকে তাড়না করিতেছ কেন? তখন সে কহিল, হে পুভো, তুমি কেটা? তাহাতে পুভু কহিলেন, আমি যিশু, যাহাকে তুমি তাড়না করিতেছ, কাঁটার উপর লাথী মারা তোমার কঠিন কর্ম্ম. তখন সে কম্পমান ও চমৎকৃত হইয়া কহিল, হে পুভো, আপনকার ইচ্ছা কি, আমাকে কি করিতে হইবে? পুভু কহিলেন; উঠ, নগরে যাও, পরে তোমাকে কি করিতে হইবে, তাহা তোমাকে কহা যাইবে. এবং তাহার সহগামি মনুষ্যেরা সে রব শুনিয়া, কিন্তু তাহাকে না দেখিয়া স্তব্ধ হইয়া থাকিল. পরে শাওল ভূমিহইতে গাত্রোত্থান করিয়া যদ্যপিও তাহার চক্ষু মেলা থাকিল, তথাপি সে কাহাকেও দেখিতে পাইল না. অতএব তাহারা তাহার হাত ধরিয়া লইয়া গিয়া তাহাকে দমাস্কেতে পৌঁছাইয়া দিল. পরে সে তিন দিবস দৃষ্টিহীন হইয়া থাকিল, এবং কিছু খাইলও না, পিয়ী-

সপ্তম্য. তখন দম্মাস্কেতে হননীহা নামে এক শিষ্য ছিল, এবং তাহা- কে প্রভু দৈবদর্শনে কহিলেন, হে হননীহা! সে বলিল, হে প্রভো, দেখ, আমি সাক্ষাতে আছি. পরে প্রভু তাহাকে কহিনেল, উঠ, সোজা নামে রাস্তাতে গিয়া যিহুদার ঘরে শাওল নামে টার্ষসের এক মনুষ্যের কারণ জিজ্ঞাসা কর; কেননা দেখ সে প্রার্থনা করিতেছে, এবং সে দৈবদর্শনে আপন চক্ষু পাইবার কারণ হননীহা নামে এক মনুষ্যকে ভিতরে আসিয়া তাহার উপর হাত দিতে দেখিয়াছে. তখন হন- নীহা প্রত্যুত্তর করিল, যে হে প্রভো, আমি অনেকের প্রমুখাৎ এ মনু- ষ্যের কথা শুনিয়াছি, যে তোমার পুণ্যবানেরদিগের যিরূশলমে কত মন্দ করিয়াছে; এবং এখানে যে সকল তোমার নাম স্মরণ করে, তাহারদিগকে বান্ধিবার কারণ প্রধান যাজকেরদিগহইতে সাধ্য ধরি- তেছে. কিন্তু প্রভু তাহাকে কহিলেন, চলিয়া যাও, কেননা সে ভিন্নদেশিরদের ও রাজাগণের ও য়িশ্রাএলের সন্তানেরদের সাক্ষাতে আমার নাম বহিতে আমার একটা মনোনীত পাত্র আছে; কেননা আমার নামার্থে তাহাকে কত বড় ক্লেশ সহিতে হইবে, আমি তাহাকে দেখাইয়া দিব. তখন হননীহা চলিয়া গিয়া ঘরের মধ্যে প্রবেশ করিয়া তাহার উপর হাত দিয়া কহিল, হে ভাই শাওল, প্রভু যিশু যিনি তোমার আগমন কালে তোমাকে পথের মধ্যে দর্শন দিলেন, তিনি তোমার চক্ষু পাইবার কারণ ও ধর্ম্মাত্মায় পূর্ণ হইবার কারণ আমাকে পাঠাইয়া দিয়াছেন. এবং ইহা কহিবা মাত্র তাঁহার নে- ত্রহইতে আঁইস্ যেমন পড়িল, ও সে তৎক্ষণাৎ সচক্ষু হইয়া উঠিয়া বাপ্টাইজিত হইল. পরে সে আহার খাইয়া সবল হইল, এবং শাওল কএক দিবস শিষ্যেরদের সহিত দমাস্কেতে থাকিল. এবং

সে তৎক্ষণে ধর্ম্মশালা সকলের মধ্যে খ্রিষ্টের কথা প্রচার করিতে লাগিল, যে তিনি ঈশ্বরের পুত্র. কিন্তু শ্রোতারা সকল চমৎকৃত হইয়া কহিতে লাগিল, এই না সেই, যে য়িরূশালমে যাহারা এই নাম স্মরণ করিত, তাহারদের উপদ্রব করিল এবং এই উপলক্ষেতে এখানেও আসিয়াছে, যে তাহারদিগকে বদ্ধ করিয়া প্রধান যাজকেরদের স্থানে লইয়া যায়. কিন্তু শাওল ততোধিকে প্রবল হইল, এবং যে ইনি খ্রীষ্ট নিতান্ত, ইহা প্রামাণ্য করিয়া দমাস্কের নিবাসী য়িহূদিরদিগকে নিরুত্তর করিয়া দিল.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ১৯, পদ ২৭.

পিতর উত্তর দিয়া য়িশুকে বলিল, দেখ, আমরা সমস্তই পরিত্যাগ করিয়া তোমার পশ্চাদ্গামী হইয়াছি; অতএব আমরা কি পাইব? য়িশু তাহারদিগকে কহিলেন, সত্য আমি তোমারদিগকে কহি, তোমরা যে পুনর্জ্জন্মেতে আমার পশ্চাদ্বর্ত্তী হইয়া আসিতেছ, যখন মনুষ্যের পুত্র আপন ঐশ্বর্য্যের সিংহাসনে বসিবেন, তখন তোমরাও দ্বাদশ সিংহাসনে বসিয়া য়িশ্রায়েলের দ্বাদশ গোষ্ঠীরদের বিচার করিবা. এবং প্রতি জন যে আমার নামার্থে ঘর, কি ভ্রাতা, কি ভগিনী, কি পিতা, কি মাতা, কি স্ত্রী, কি ছাওয়াল, কিম্বা ভূমি ছাড়িয়া গিয়াছে, সে শত গুণ পাইবে, এবং অনন্ত জীবনের অধিকারী হইবে. কিন্তু অনেক প্রথম আছে, যাহারা শেষ হইবে, এবং অনেক শেষ আছে, যাহারা প্রথম হইবে.

য়িশু খ্রীষ্টের মন্দিরে সাক্ষাৎ করা হওনের স্মরণার্থ দিবস

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবী ও গুণময় ঈশ্বর, আমরা তোমাকে নম্রান্তঃকরণে বিনতি করিতেছি, যে তোমার অদ্বিতীয় পুত্র যেমত আমারদের শরীরেতে মন্দিরে এই দিবসে সাক্ষাৎ আনীত হইয়াছিলেন, সেই মত যে আমরা শুদ্ধ ও পরিষ্কৃত চিত্তে তোমার সাক্ষাতে রাখা যাই, ইহা এই তোমার পুত্র আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. মলকী. পর্ব্ব ৩, পদ ১.

দেখ, আমি আপন দূতকে প্রেরণ করিব; তাহাতে সে আমার অগ্রে পথ প্রস্তুত করিবেক; এবং প্রভু যাঁহার চেষ্টা তোমরা করহ, অর্থাৎ নিয়মের দূত যাঁহাতে তোমারদের সন্তোষ হয়, তিনি হটাৎ আপন মন্দিরে আসিবেন; সৈন্যের য়িহহা কহেন, যে দেখ, তিনি আসিবেন. কিন্তু তাঁহার আগমনের দিবস কে সহিতে পারিবে? এবং তাঁহার প্রকাশ হওনের সময়ে কে দাঁড়াইতে পারিবে? কেননা তিনি ধাতুপরীক্ষকের অগ্নি ও ধোবার সাবনের ন্যায়; এবং রূপার পরীক্ষক ও শোধকের মত তিনি বসিয়া লেবির সন্তানেরদিগকে শুদ্ধ করিবেন, তিনি স্বর্ণ ও রূপার মত তাহারদিগকে পরিষ্কার করিবেন; তাহাতে তাহারা যাথার্থ্যে য়িহহার উদ্দেশে নৈবেদ্য দিবেক. তখন পূর্ব্ব কালে ও গত বৎসরে যেমত ছিল, তেমনি য়িহুদার ও য়িরুশলমের নৈবেদ্য য়িহহার তোষণীয় হইবে. তাহার পরে বিচারার্থে আমি তোমারদের নিকটে আসিব. এবং জাদুগরেরদের ও পারদারিকেরদের ও

মিথ্যাদিব্যকারিরদের এবং যাহারা বেতনজীবির বেতন না দেয়, এবং যাহারা বিধবার ও পিতৃহীনের অন্যায় করে, ও বিদেশির হিংসা করে ও আমাকে ভয় করে না, তাহারদের বিরুদ্ধে সাক্ষী হইবার কারণ আমি শীঘ্র আসিব, ইহা সৈন্যের যিহুহা কহিতেছেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ২; পদ ২২.

পরে মোশের ব্যবস্থানুক্রমে মারিয়ার অশৌচ সময় পূর্ণ হইলে, ঈশ্বরের বিধানে যেমত লিখিত আছে যে প্রত্যেক প্রথম জাত পুরুষ সন্তান প্রভুর পুণ্যার্পিত কহা যাইবে, তদনুক্রমে তাহাকে ঈশ্বরের নিকটে সাক্ষাৎ করিতে এবং প্রভুর বিধানোক্তানুক্রমে এক যোড়া ঘুঘু কিম্বা দুইটা কবুতরের ছা দিয়া বলিদান করিতে তাহাকে লইয়া তাহারা যিরূশলমে আইল. পরে দেখ যিরূশলমে এক মনুষ্য ছিল; তাহার নাম শিমিওন; সেই মনুষ্য শুদ্ধসত্ব ও সুভক্ত হইয়া য়িশ্রাএলের কুশলের অপেক্ষায় থাকিতেছিল, এবং ধর্ম্মাত্মাহইতে প্রকাশিত হইল যে প্রভুর অভিষিক্তকে যাবৎ না দেখিবে, তাবৎ সে মৃত্যুর দেখা পাইবে না. অনন্তর যখন য়িশু বালকের কারণ তাহার পিতা মাতা ব্যবহার নীত্যনুসারে ক্রিয়া করিতে তাহাকে আনিল, তখন সে আত্মার আকর্ষণে মন্দিরে আসিয়া তাহাকে আপনার হাতে ধারণ করিয়া ঈশ্বরের ধন্যবাদ করিতে লাগিল, এবং বলিল, হে কর্ত্তা, এখন আপন কথাক্রমে তোমার সেবককে কুশলে বিদায় কর; কেননা তোমার ত্রাণ যাহা অন্য দেশীয়েরদের দীপ্তি দেওনের দীপক, এবং তোমার লোক য়িশ্রাএলের গৌরব হইবার নিমিত্তে তুমি সকল লোকেরদের সম্মুখে প্রস্তুত করিয়াছ, তাহা আমার চক্ষু দেখিয়াছে.

তখন তাহার বিষয়ে এ সকল উক্তি শুনিয়া তাহার মাতা ও য়ুশফ আশ্চর্য্য জ্ঞান করিল. পরে শিমিওন তাহারদিককে আশীর্ব্বাদ দিল এবং তাহার মাতা মারিয়াকে কহিল, দেখ, এই বালক য়িশ্রাএলের মধ্যে অনেকের পতনের ও পুনরুত্থানের নিমিত্তে এবং একটা নিন্দিত চিহ্নের নিমিত্তে স্থাপিত হইয়াছে, তাহাতে নানা চিত্তের ভাব্য ভাবনা প্রকাশিত যেন হয়; বরং তোমার নিজ প্রাণও শূলেতে বিদ্ধিত হইবে. তৎপরে আশেরের গোষ্ঠীতে ফানুএলের কন্যা এক ভবিষ্যদ্বক্ত্রী ছিল; সে বয়সে অতি বৃদ্ধা এবং তাহার আইবড় সময় পরে সে স্বামির সঙ্গে সাত বৎসর বাস করিয়াছিল; পরে চৌরাশি বৎসরের বিধবা হইয়াছে; তাহাতে সে দিবা রাত্র উপবাস ও আরাধনাদিতে ঈশ্বরের সেবা করিয়া মন্দিরহইতে যায় নাই. সেও তৎক্ষণে ভিতরে আসিয়া প্রভুকে স্তব করিতে লাগিল, এবং য়িরুশলমে যাহারা মুক্তির অপেক্ষাতে থাকিতেছিল, সে সকলেরদিগকে ইহার প্রসঙ্গ কহিতে লাগিল. অনন্তর প্রভুর ব্যবস্থানুক্রমে সমস্ত ক্রিয়া সাধিলে পরে তাহারা পুনশ্চ গালিলিতে আপন নগর নাজেরেতে গমন করিল. পরে বালক বাড়িল, এবং জ্ঞানে পূর্ণ হইয়া আত্মায় শক্তিমন্ত হইতে লাগিল, এবং প্রভুর অনুগ্রহ তাঁহার উপর থাকিল.

সাধু মাতীয়া প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, বিশ্বাসঘাতক য়িহূদা যে পদচ্যুত হইয়াছিল; যে তোমার বিশ্বাসি সেবক মাতীয়া সেই পদ পায়, ইহার কারণ তাহাকে বাছিয়া দ্বাদশ প্রেরিতেরদের সঙ্গে গণিত হইতে নিযুক্ত

করিয়াছিলা. অতএব যে তোমার মণ্ডলী মিথ্যা প্রেরিতগণহইতে সর্ব্বদা রক্ষা পাইয়া বিশ্বাসী ও প্রকৃত পালকেরদের কর্ত্তৃক শিক্ষিতা ও শাসিতা হয়, ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. প্রেরিত. পর্ব্ব ১, পদ ১৫.

সেই সময়ে পিতর উঠিয়া শিষ্যগণের মধ্যস্থানে দাঁড়াইয়া কহিল, (ন্যূনাধিকে তাহারা সর্ব্বারম্ভ এক শত বিশ জন ছিল,) হে মনুষ্য ভাই সকল, যিশুর আক্রমণকারিরদের পথদর্শক য়িহুদার বিষয়ে ধর্ম্মাত্মা যে গুপ্ত কথা দাউদের মুখে কহাইয়াছিলেন, তাহার পূর্ণ হইবার আবশ্যক ছিল কেননা সে আমারদের মধ্যে গণা গিয়াছিল, এবং এই সেবার অংশও পাইয়াছিল. অতএব এই মনুষ্য দুষ্কর্ম্মের ফলে একটা ক্ষেত্র ক্রয় করিয়াছিল. পরে সে অধোমুখে পড়িয়া মধ্যে ফাটিয়া গেল, এবং তাহার আতুঁড়ী সকল নির্গত হইল. এবং য়িরূশলমের নিবাসি সকল তাহা অবগত হইল; তাহাতে সে ক্ষেত্রকে তাহারদের ভাষায় হকেল্‌দমা কহা যাইতেছে, তাহার অর্থ, রক্তক্ষেত্র. কেননা গীত পুস্তকে গুপ্তিত আছে, তাহার গৃহ উজড় হউক, তাহাতে কোন মনুষ্যের বাস না হউক, এবং তাহার পদ অন্যে লউক. এতদর্থে এই মনুষেরা যে আমারদের সঙ্গে থাকিয়া আসিতেছে যতক্ষণে প্রভু যিশু আমারদের মধ্যে গমনাগমন করিলেন, যোহনের বাপ্‌তিস্মাবধি আমারদের নিকটহইতে তাঁহার লওয়া যাওনের দিবস পর্য্যন্তই, ইহারদের এক জনকে আমারদের সহিত তাঁহার পুনরুত্থানের সাক্ষী হইবার জন্য নিযুক্ত করিতে আবশ্যক আছে. তখন তাহারা যুশফ যাহাকে বার-

শবা বলে ও যাহার খ্যাত নাম যস্তস, এবং মাত্তীয়া এই দুই জনকে নিযুক্ত করিল. পরে তাহারা পুার্থনা করিয়া কহিল, হে পুভো, সকলের চিত্তজ্ঞ, আপনার স্থানে যাইবার কারণ য়িহুদা অপরাধ করিয়া যে সেবাহইতে চ্যুত হইয়াছিল, সে সেবা ও পেুরিতত্বের ভাগ লইতে এ দুই জনের মধ্যে তোমার মনোনীত কেটা, তাহা দেখাও. পরে তাহারদের গুলিবাঁট বাহির করিলে তাহা মাত্তীয়ার উপরে পড়িল; এবং সে একাদশ পেুরিতেরদের সঙ্গে গণা গেল.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ১১, পদ ২৫.

সেই সময়ে য়িশু পুনশ্চ কহিতে লাগিলেন, হে পিতঃ, স্বর্গ ও পৃথিবীর পুভো, তুমি জ্ঞানবান ও বুদ্ধিমান লোকেরদিগহইতে এ সকল বিষয় গোপন করিয়া ছাওয়ালেরদিগকে পুকাশ করিয়াছ, এই নিমিত্তে আমি তোমার ধন্যবাদ করিতেছি. এই মত হউক, হে পিতঃ; কেননা এই তোমার অভিমত. আমার পিতাহইতে আমার স্থানে সকল বস্তু সমর্পিত হইয়াছে; এবং পিতা ব্যতিরেকে আর কেহ পুত্রকে জানে না, এবং পুত্র ও তিনি যাহার স্থানে তাঁহার পুকাশ করিতে ইচ্ছা করেন, সে, এই দুই ব্যতিরেক আর কেহ পিতাকে জানে না. হে সকল পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোকেরা, তোমরা আমার নিকট আইস, ও আমি তোমারদিগকে বিশ্রাম দিব. আমার যুয়ালি তোমরা আপনারদের উপর ধরিয়া লও, ও আমার স্থানে শিক্ষা কর; কেননা আমি ক্ষমাশীল ও অন্তঃকরণে নম্র; তাহাতে তোমরা আপনারদের পূাণেতে বিশ্রাম পাইবা. কেননা আমার যুয়ালি সহজ, ও আমার বোঝা হাল্কা.

ধন্য কুমারী মারিয়া অন্তরাপত্যা হওনের বার্ত্তা আনয়নের স্মরণার্থ দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, আপন ধর্ম্মপ্রসাদ আমারদের অন্তঃকরণে ঢাল, তাহাতে যদনুসারে এক স্বর্গদূতের সমাচার দেওনের দ্বারা তোমার পুত্র য়িশু খ্রীষ্টের মনুষ্যাবতার হওনের পরিচয় পাইয়াছি, তদনুসারে যেন তাঁহার ক্রূশ ও দুঃখভোগের দ্বারা তাঁহার পুনরুত্থানের গৌরবের সহভাগী হই. আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. য়িশাইয়া. পর্ব্ব ৭, পদ১০.

য়িহুহা পুনর্ব্বার আহাস্‌কে কহিলেন, তুমি আপন ঈশ্বর য়িহুহা-হইতে এক লক্ষণ চাহ; নীচস্থ গাম্ভীর্য্যের মধ্যে কিম্বা ঊর্দ্ধস্থ স্বর্গের মধ্যে তাহা চাহ. তখন আহাস্ বলিল, আমি চাহিব না, এবং য়িহুহার পরীক্ষা করিব না. তাহার পরে তিনি বলিলেন, হে দাউদের বংশ, অবধান করহ, মনুষ্যেরদিগের ব্যস্ত করণ তোমরা কি এমত ক্ষুদ্র বিষয় জ্ঞান করহ, যে আমার ঈশ্বরকেও তোমরা ব্যস্ত করিতেছ? এতদর্থে প্রভু আপনি এক লক্ষণ তোমারদিগকে দিবেন; দেখ, এক কন্যা গর্ব্ভবতী হইয়া এক পুত্র প্রসব হইবে, এবং তাঁহার নাম ইম্মানুএল রাখা যাইবে. তিনি যখন কুক্রিয়াকে হেয়জ্ঞান করণ ও সুক্রিয়াকে মনোনীত করণ জানিবেন, তখন তিনি মাখন ও মধু আহার করিবেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১, পদ ২৬.

পরে ষষ্ঠ মাসে গালিলি দেশের নাজরেত্ নামে এক নগরে দাউদের গোত্রের এক কন্যা যুশফ নামক এক পুরুষের সহিত বাগ্দত্তা, তাহার নিকট গাব্রিএল দূত ঈশ্বরহইতে প্রেরিত হইলেন. সেই কুমারীর নাম মারিয়া. এবং তিনি তাহার নিকটে আসিয়া তাহাকে কহিলেন, হে গো পরম অনুগৃহীতা, নমস্কার; প্রভু তোমার সঙ্গে আছেন, স্ত্রীগণের মধ্যে তুমি ধন্যা. তখন সে তাঁহাকে দেখিয়া তাঁহার কথনে বিস্মিতা হইল, এবং ভাবিতে লাগিল, যে এই কি প্রকার সম্ভাষণ? তখন দূত তাহাকে কহিলেন, ভয় করিও না, মারিয়া গো; কেননা তোমার উপর ঈশ্বরের অনুগ্রহ আছে; ও দেখ তুমি গর্ব্ভবতী হইয়া পুত্র প্রসব হইবা, এবং তাঁহার নাম য়িশু রাখিবা. তিনি মহা- মহিম হইবেন, এবং সর্ব্বপ্রধানের পুত্র খ্যাত হইবেন; এবং প্রভু ঈশ্বর তাঁহার পিতৃ দাউদের সিংহাসন তাঁহাকে দিবেন; এবং য়াকুবের বংশের উপরে তিনি সদাসর্ব্বক্ষণ রাজত্ব করিবেন, ও তাঁহার রাজ্যের শেষ কখন হইবেক না. তখন মারিয়া সে দূতকে কহিল, ইহা কি মতে হইবে, আমি তো পুরুষকে জানি না? দূত প্রত্যুত্তর করিয়া তাহাকে কহিলেন, তোমার উপর ধর্ম্মাত্মা আসিবেন, এবং সর্ব্বপ্রধানের শক্তি তোমাকে ছায়া করিবে. অতএব তোমাতে যে পুণ্যময় উদ্ভুত হইবে, তাহা ঈশ্বরের পুত্র কহা যাইবে. দেখ, তোমার জ্ঞাতি এলিসেবা বৃদ্ধ বয়সে পুত্র অন্তরাপত্যা হইয়াছে, এবং যেই জনা বন্ধ্যা বলা যাইত, সংপ্রতি তাহার ষষ্ঠ মাস হইতেছে; কেননা ঈশ্বরের স্থানে কোনই কর্ম্ম অসাধ্য নহে. তখন মারিয়া কহিল-

দেখ, আমি প্রভুর দাসী; আপনকার কথাক্রমে আমার প্রতি হউক. পরে দূত তাহার নিকটহইতে প্রস্থান করিলেন.

মঙ্গলবার্ত্তা প্রচারক সাধু মার্কের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন পুণ্য মণ্ডলীকে মঙ্গলবার্ত্তা প্রচারক সাধু মার্কের স্বর্গীয় উপদেশের দ্বারা শিক্ষা করাইয়াছ; অতএব আমারদিগকে এমত ধর্ম্মপ্রসাদ দেও, যে আমরা প্রত্যেক বৃথা শিক্ষাস্বরূপ বায়ুতে বালকেরদের ন্যায় ইতস্তত ক্ষিপ্ত চিত্ত না হইয়া তোমার পুণ্য মঙ্গলসমাচারের সত্য পালন করণার্থে আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা স্থিরচিত্ত করা যাই. আমেন.

পত্র. এফিসী. পর্ব্ব ৪, পদ ৭.

খ্রীষ্টের দানের পরিমাণানুক্রমে আমারদের প্রত্যেক জনকে প্রসাদ দেওয়া গিয়াছে. এতদর্থে তিনি কহিতেছেন, যখন তিনি ঊর্দ্ধেতে গমন করিলেন, তখন তিনি বন্ধনকে বন্দী করিয়া লইয়া গেলেন, এবং মনুষ্যেরদিগকে দান দিলেন. অতএব এই কথা যে তিনি ঊর্দ্ধগমন করিলেন, তাহার অর্থ কি না, যে তিনি প্রথমে পৃথিবীর অধঃস্থলে নামিয়াছিলেন? যে ব্যক্তি নামিলেন, সেই সে ব্যক্তি আছেন, যিনি সকল স্বর্গের অত্যন্ত ঊর্দ্ধেতে গমনও করিলেন, তাহাতে যেন সমস্ত বস্তুকে পরিপূর্ণ করেন. এবং আমরা সকলেই যাবৎ বিশ্বাসের ও ঈশ্বরের পুত্রের পরিচয়ের ঐক্য পর্য্যন্ত সিদ্ধ পুরুষের পদ পর্য্যন্ত খ্রীষ্টের পূর্ণতার দীর্ঘতার পরিমাণ পর্য্যন্ত না পৌঁছি, তাবৎ

সেবার কর্ম্ম করণার্থে খ্রীষ্টের শরীরের বৃদ্ধি করণার্থে পুণ্যবানেরদিগকে সিদ্ধ করিবার কারণ তিনি কাহারদিগকে প্রেরিতগণ কাহারদিগকে ভবিষ্যদ্বক্তৃগণ কাহারদিগকে মঙ্গলসমাচার প্রচারক কাহারদিগকে পালক ও শিক্ষক করিয়া দিলেন, যে আমরা যেন আর ছাওয়াল না থাকিয়া মনুষ্যেরদের চাতুর্য্য ও প্রতারণার্থে ছলময় ধূর্ত্ততা দিয়া প্রত্যেক শিক্ষারূপ বাতাসেতে ইতস্তত ক্ষিপ্ত ও উড়ান না হই; কিন্তু প্রেমেতে সত্যের পালন করিয়া খ্রীষ্ট যিনি মস্তক আছেন, তাঁহায় যেন সর্ব্ববিষয়েতে বাড়িয়া উঠি, যাঁহাহইতে সমস্ত শরীরের মিলান মত সংযুক্ত হইয়া প্রত্যেক গিরার আয়োজনে যোড় পাইয়া পরিমাণানুসারে প্রত্যেক অঙ্গ শক্তিক্রমে প্রেমেতে আপনার বৃদ্ধি হওনার্থে শরীরকে বাড়ায়.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৫, পদ ১.

আমি সত্য দ্রাক্ষা, এবং আমার পিতা তিনি কৃষক. আমাতে প্রত্যেক ডাল যে নিষ্ফল থাকে, তাহা তিনি ছেদন করেন; এবং প্রত্যেক ডাল যে ফলবান হয়, তাহা তিনি পরিষ্কার করেন, যেন তাহার অধিক ফল হয়. এখন আমার উক্ত কথা দ্বারা তোমরাই পরিষ্কৃত হইলা. আমাতে থাক, এবং আমি তোমারদিগেতে থাকিব; যেমত বৃক্ষেতে ডাল না থাকিলে, সে আপনাহইতে ফল দিতে পারে না, সেই মত আমাতে না থাকিলে তোমরাও পারিবা না. আমি দ্রাক্ষা বৃক্ষ, তোমরা সকল ডাল; আমাতে যে থাকে এবং যাহাতে আমি থাকি, সে বিস্তর ফল ফলে; কেননা আমাহইতে বিয়োগ হইলে তোমরা কিছু করিতে পারহ না. কোন মনুষ্য যদি আমাতে

না থাকে, তবে সে ডালের মত বাহিরে ফেলা যায় ও শুষ্ক হয় ; পরে লোক কুড়াইয়া অগ্নিতে ফেলিয়া দেয়, এবং সে পুড়িয়া যায়. তোমরা যদি আমাতে থাক, এবং তোমারদিগেতে আমার কথা থাকে, তবে যাহা ইচ্ছা কর, তাহা যাচ্ঞা করিলে পরে তোমারদিগকে দেওয়া যাইবে. ইহাতে আমার পিতার মহিমা প্রকাশিত হয়, যে তোমরা বিস্তর ফলোদ্ভব কর ; তবেই তোমরা আমার শিষ্যগণ হইবা. পিতা যেমত আমাকে প্রেম করেন, সেই মত আমি তোমারদিগকে প্রেম করি ; আমার প্রেমেতে থাক. তোমরা যদি আমার আজ্ঞা পালন কর, তবে আমার প্রেমেতেই থাকিবা ; যেমত আমি আপন পিতার আজ্ঞা পালন করিয়া তাঁহার প্রেমেতে থাকিতেছি. পরে তোমারদিগেতে আমার আনন্দ যেন থাকে, এবং তোমারদের আনন্দ যেন পূর্ণ হয়, এই নিমিত্তে আমি এ সকল প্রসঙ্গ তোমারদিগকে কহিয়াছি.

সাধু ফিলিপ্ ও সাধু য়াকুবের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তোমার প্রকৃতরূপ পরিচয়েতে অনন্ত জীবন হয় ; যে তোমার পুত্র য়িশু খ্রীষ্ট তিনিই পথ ও সত্যতা ও জীবন আছেন, ইহার সম্পূর্ণ জ্ঞান আমারদিগকে প্রদান করহ, তাহাতে যেন আমরা তোমার পুণ্য প্রেরিত সাধু ফিলিপের ও সাধু য়াকুবের পাদচিহ্নানুসারে পশ্চাদ্গামী হইয়া, যে পথ অনন্ত জীবনে যায়, তাহাতে এই তোমার পুত্র আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা দৃঢ় মতে চলি. আমেন.

পত্র. য়াকুব. পর্ব্ব ১, পদ ১.

ঈশ্বরের ও প্রভু য়িশু খ্রীষ্টের সেবক য়াকুবের দ্বাদশ দিগ্বিদিক ছিন্ন-ভিন্ন গোত্রেরদিগের প্রতি নমস্কার. হে আমার ভ্রাতৃরা, তোমারদের প্রত্যয়ের পরীক্ষা করা সহিষ্ণুতাকে সাধিতেছে, ইহা জানিয়া যখন তোমরা নানা বিধ পরীক্ষায় পড়, তখন তাহা সর্ব্বতোভাবে আহ্লাদ জ্ঞান করহ. কিন্তু সহিষ্ণুতার সাধনের সিদ্ধি হউক, যেন তোমরা সিদ্ধ ও সম্পূর্ণ ও সর্ব্ববিষয়ে অত্রুটি হও. কিন্তু যদি তোমারদের মধ্যে কাহারও জ্ঞানের ত্রুটি হয়, তবে ঈশ্বর যিনি খোঁটা না দিয়া প্রসন্নতা পূর্ব্বক সকল মনুষ্যেরদিগকে প্রদান করেন, তাঁহার নিকট সেই জন যাচ্ঞা করুক; তাহাতে তাহাকে দেওয়া যাইবেক. কিন্তু সে জন সন্দেহ না করিয়া প্রত্যয় পূর্ব্বক যাচ্ঞা করুক; কেননা যে জন সন্দেহ করে, সে জন বায়ুতে ঠেলিত ও আন্দোলিত সমুদ্র তরঙ্গের সদৃশ আছে. অতএব সেই মনুষ্য যে প্রভুহইতে কিছু পাইবে, এমন অনু-ভব না করুক. দ্বিমনা মনুষ্য যে সে আপন সকল ব্যাপারে অস্থির আছে. নীচ পদস্থ ভাই আপনার উন্নতি হওয়াতে হৃষ্ট মন হউক; কিন্তু ধনবান যে সে আপনার নতি হওয়াতে আনন্দ করুক; কেননা সে তৃণ পুষ্পের ন্যায় বহিয়া যাইবে. কেননা সূর্য্য নিদাঘ রৌদ্রেতে উদিত হইবা মাত্র, তৃণ শুষ্ক হইয়া যায়, ও তাহার পুষ্প গলিয়া পড়ে, এবং তাহার রূপের সৌন্দর্য্য নষ্ট হয়; তাদৃশ ধনবানও আপন ব্যাপারের মধ্যে ক্ষয় হইয়া যাইবেক. যে মনুষ্য পরীক্ষা সহিতেছে, সেই মনুষ্য ধন্য; কেননা সে টাহরিয়া গেলে পরে, প্রভু আপন প্রেমি সকলের-দিগকে যে জীবনরূপ মুকুট দেওনের অঙ্গীকার করিলেন, সেই জন তাহা পাইবে.

মঙ্গসমাচার. য়োহন. পর্ব্ব ১৪, পদ ১.

য়িশু আপনার শিষ্যগণকে কহিলেন, তোমারদের অন্তঃকরণ দুঃখিত না হউক; তোমরা ঈশ্বরে বিশ্বাস করিতেছ, আমাতেও বিশ্বাস করহ. আমার পিতার পুরীতে অনেক আলয় আছে; তাহা না হইলে আমি কহিতাম; আমি তোমারদের জন্যে স্থান প্রস্তুত করিতে যাইতেছি. আর যদি আমি যাই এবং তোমারদের কারণ স্থান প্রস্তুত করি, তবে আমি পুনর্ব্বায় আসিয়া তোমারদিগকে আপনার নিকটে লইব, তাহাতে যেখানে আমি থাকি, সেখানে তোমরাও থাকিবা, এবং কোথায় আমি যাইতেছি, তাহা তোমরা জান, এবং পথও জান. তোমাস্ তাঁহাকে কহিল, হে প্রভু, আপনি কোথায় যান, তাহা আমরা জানি না; তবে পথ কি রূপে জানিতে পারি? য়িশু তাহাকে কহিলেন, আমি পথ ও সত্য ও জীবন; আমাদিয়া না গেলে পিতার স্থানে কোন মনুষ্যের গতি নাই; আমাকে যদি জানিতা আমার পিতাকেও জানিতা; এবং এখন হইতে তোমরা তাঁহাকে জান এবং দেখিয়াছ. ফিলিপ্ তাঁহাকে কহিল, হে প্রভু, পিতাকে দেখাইয়া দেউন; তবে আমারদের প্রবোধ হয়. য়িশু তাহাকে কহিলেন, হে ফিলিপ্, আমি তোমারদের সহিত এতকাল আছি; তত্রাপি কি আমাকে জানহ না? যে আমাকে দেখিয়াছে, সে পিতাকেও দেখিয়াছে; তবে তুমি কেমন বলিতেছ, যে আমারদিগকে পিতাকে দেখাও? কি তোমার প্রত্যয় নাই, যে আমি পিতায় এবং পিতা আমায়? যে কথা আমি তোমারদিগকে বলি, সে কথা আমি আপনাহইতে কহি না, কিন্তু পিতা যিনি আমাতে বর্ত্তিতেছেন, তিনিই সে কর্ম্ম করেন. আমার কথা প্রত্যয় করহ, যে আমি পিতায় এবং

পিতা আমায়; অথবা কর্ম্ম প্রযুক্তই আমাকে প্রত্যয় করহ. সত্য২ আমি তোমারদিগকে কহি, আমার উপর যে বিশ্বাস করে, যে কর্ম্ম আমি করিতেছি, তন্মত কর্ম্ম সেও করিবেক, এবং ইহাহইতেও বড় কর্ম্ম করিবেক; কেননা আমি আপনার পিতার নিকটে যাই. এবং তোমরা যে কিছু আমার নামে চাহ, তাহা আমি করিব, যেন পুত্রে পিতার মহিমা প্রকাশিত হয়. আমার নামে যে কিছু তোমরা যাচ্ঞা কর, তাহা আমি করিয়া দিব.

সাধু বার্ণবা প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে প্রভো, সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি যেমত আপন পুণ্য প্রেরিত বার্ণবাকে ধর্ম্মাত্মার অপূর্ব্ব দান করিয়াছিলা, সেই মত আমারদিগকেও তোমার নানা প্রকার দান দেও, এবং যাহাতে আমরা তোমার সম্মান ও গৌরব প্রস্তাবার্থে সর্ব্বদা সেই দান ভোগ করি, এমত ধর্ম্ম প্রসাদ আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ১১, পদ ২২.

যিরূশলমের মণ্ডলীর শ্রবণে ইহার সংবাদ আইলে তাহারা বার্ণবাকে আণ্টিয়োখ পর্য্যন্ত যাইবার কারণ প্রেরণ করিল. অতএব সেই আসিয়া ঈশ্বরের অনুগ্রহ দেখিয়া আনন্দ করিল, এবং সে একান্ত মনে প্রভুর সহিত লগ্ন থাকিতে সকল লোককে উপদেশ দিল. কেননা সে ভাল মনুষ্য, এবং ধর্ম্মাত্মায় ও বিশ্বাসে পূর্ণ ছিল. এবং

প্রভুর পক্ষে অনেক লোক সংযুক্ত করা গেল. তখন বার্ণবা শাওলের অন্বেষণে টার্শসে গেল; এবং তাহার উদ্দেশ পাইয়া তাহাকে আণ্টিয়োখে আনিল. পরে তাহারা মণ্ডলীর সহিত সভা করিয়া ২ এক বৎসর পূর্ণ থাকিল, ও যথেষ্ট লোকেরদিগকে শিক্ষাইল. এবং ঈশ্বরের নিয়মেতে শিষ্যেরা প্রথমে আণ্টিয়োখে খ্রীষ্টিয়ান বলিয়া নাম পাইল. এবং সেই সময়ে ভবিষ্যদ্বক্তারা য়িরূশলমহইতে আণ্টিয়োখে আইল; ও তাহারদের মধ্যে আগাবস নামে এক জন দাঁড়াইয়া আত্মাহইতে জানাইয়া দিল, যে দেশ সমুদায়ে বড় আকাল হইবে; ও সে ক্লৌদিয়স কাইসরের সময়ে ঘটিল. তখন শিষ্যেরা প্রতি জন আপন ২ সাধ্যানুক্রমে য়িহুদা দেশনিবাসি ভ্রাতৃগণের নির্ব্বাহের সঙ্গতি করিয়া পাঠাইতে স্থির করিল, এবং তাহারা সেই মত করিল, ও বার্ণবা ও শাওলের হাতে প্রাচীন লোকের স্থানে পাঠাইয়া দিল.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৫, পদ ১২.

আমার আজ্ঞা এই যে তোমরা পরস্পর প্রেম কর, যেমত আমি তোমারদিগকে প্রেম করিয়াছি. মিত্রের কারণ আপন প্রাণ দেওয়া, ইহাহইতে বড় কাহার প্রেম হইতে পরে না. আমি যে কিছু তোমারদিগকে আজ্ঞা দি, তাহা যদি কর, তবে তোমরা আমার মিত্রগণ. এখনহইতে আমি তোমারদিগকে সেবক করিয়া বলি না; কেননা কর্ত্তা যাহা করেন, তাহা সেবক জানে না; কিন্তু আমি তোমারদিগকে মিত্র করিয়া বলি; কেননা যে কিছু আমার পিতার স্থানে শ্রবণ করিয়াছি, তাহা আমি তোমারদিগকে জানাইয়া দিয়াছি. তোমরা আমাকে বাছিয়া লইলা, তাহা নয়; কিন্তু আমিই তোমারদিগকে

বাছিয়া লইলাম এবং নিযুক্ত করিলাম, যে তোমরা যাইয়া ফল ধর, ও তোমারদের ফল যেন থাকে; তাহাতে যে কিছু আমার নামে তোমরা পিতার স্থানে চাহ, তাহা তিনি যেন তোমারদিবকে দেন.

সাধু য়োহন বাপ্‌টাইজকের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তোমার তত্ত্বাবধারণে তোমার দাস য়োহন বাপ্‌টাইজক আশ্চর্য্যরূপে জন্মিয়া মন ফিরাণ করণ প্রচার করাতে তোমার পুত্র আমারদের ত্রাণকর্ত্তার পথ প্রস্তুত করিতে প্রেরিত হইয়াছেন; অতএব যাহাতে আমরা তাঁহার উপদেশের ও পুণ্যাচরণের পশ্চাদ্গামী হইয়া তাঁহার প্রচারানুসারে নিতান্ত মন ফিরাই, এবং তাঁহার দৃষ্টান্তানুসারে দৃঢ়তা পূর্ব্বক সত্য কথা কহি এবং সাহস পূর্ব্বক দুষ্টতা ভর্ৎসনা করি, এবং সহিষ্ণুতা পূর্ব্বক সতে কার দুঃখ ভোগ করি, এমত ধর্ম্ম প্রসাদ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বা আমারদিগকে দেও. আমেন.

পত্রের বদলে. য়িশাইয়া. পর্ব্ব ৪০, পদ ১.

তোমারদের ঈশ্বর কহিতেছেন, যে আমার লোকেরদিগকে সান্ত্বনা করহ, তাহারদিগকে সান্ত্বনা করহ. য়িরুশলমের ইচ্ছানুসারিক কথা কহ, এবং তাহার প্রতি চীৎকার কর যে তাহার সংগ্রাম সমাপ্ত হইয়াছে, যে তাহার অযাথার্থ্যের ভোগ ক্ষান্ত হইয়াছে, যে সে য়িহোহার হাতহইতে আপন সকল পাপের দ্বিগুণ শাস্তি পাইয়াছে.

অরণ্যে চীৎকারকারী এক জনের রব হইতেছে, য়িহুহার পথ প্রস্তুত করহ; আমারদের ঈশ্বরের কারণ প্রান্তরের মধ্যে সরাণ সোজা করহ. প্রত্যেক নীচস্থান উচ্চ করা যাইবে এবং প্রত্যেক পর্ব্বত ও গিরি নীচ করা যাইবে, এবং যাহা বক্র তাহা সোজা হইবে, এবং উচ্চনীচ পথ সমান করা যাইবে; তাহাতে য়িহুহার তেজ প্রকাশ করা যাইবে; এবং সকল প্রাণী তাহা দেখিতে পাইবে; কেননা য়িহুহার মুখ তাহা কহিয়াছে. এক রব কহিতেছে, চীৎকার কর; তাহাতে আমি বলিলাম, কি কহিয়া আমি চীৎকার করিব? সকল প্রাণী ঘাস এবং তাহার যাবতীয় শোভা ক্ষেত্রের পুষ্পের সদৃশ আছে. ঘাস শুষ্ক হইয়া যায়, পুষ্প ম্লান হয়; কেননা য়িহুহার বায়ু তাহার উপরে বহে; অবশ্য এই জাতি ঘাস. ঘাস শুষ্ক হইয়া যায়, পুষ্প ম্লান হয়; কিন্তু আমারদের ঈশ্বরের বাণী সর্ব্বদা থাকিবে. ওহে তুমি যে সীয়নকে মঙ্গলসমাচার প্রচার করিতেছ, তুমি উচ্চ পর্ব্বতের উপরে যাও, ওহে তুমি যে য়িরূশলমকে মঙ্গলসমাচার প্রচার করিতেছ, তুমি মহাবলে আপনার রব উচ্চ করহ. তাহাকে উচ্চ করহ; ভীত হইও না; য়িহুদার নগরগণকে বল, দেখ, তোমারদের ঈশ্বর আসিতেছেন. দেখ, প্রভু য়িহুহা বলবানের বিরুদ্ধে আসিবেন, এবং তাঁহার ভুজ তাহাকে পরাস্ত করিবে; দেখ, তাঁহার বেতন তাঁহার সঙ্গে ও তাঁহার প্রতিফল তাঁহার অগ্রগামী হয়. তিনি রাখালের মত আপনার পাল চরাইবেন, তিনি বাচ্চা আপনার ভুজের মধ্যে কুড়াইবেন ও বক্ষঃস্থলে বহিবেন, এবং দুগ্ধদায়িনী মায়েরদিগকে ধিরে২ চালাইবেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১, পদ ৫৭.

এলীশবার প্রসব হওন সময় পূর্ণ হইলে সে পুত্র ভূমিষ্ঠ হইল. এবং তাহার পড়সীরা ও জ্ঞাতিরা শুনিতে পাইল, যে ঈশ্বর তাহার উপর মহা অনুগ্রহ দেখাইয়াছেন, এবং সে সকলও তাহার সঙ্গে আনন্দ করিল. পরে কালক্রমে অষ্টম দিবসে তাহারা বালকের সুন্নত করিতে আইল, এবং সে তাহার পিতার নাম দিয়া তাহাকে জখরিয়া বলিল. কিন্তু তাহার মাতা উত্তর দিয়া কহিল, যে না, তাহাকে য়োহন করিয়া বলিতে হইবেক. তখন তাহারা কহিল, তোমার জ্ঞাতিরদের মধ্যে কেহ এ নাম ধরে না. পরে তাহার পিতার স্থানে তাহারা ইঙ্গিত করিয়া যাচিল, যে তাহার কি নাম রাখিতে আপনার ইচ্ছা? তখন সে একটা লিখনের তক্তা মাঙ্গিয়া এ কথা লিখিল, যে তাহার নাম য়োহন. তাহাতে সকলের আশ্চর্য্য জ্ঞান হইল. তৎক্ষণাৎ তাহার মুখ ও জিহ্বা খুলিয়া গেল. এবং সে উক্তি করিয়া ঈশ্বরের গুণানুবাদ করিতে লাগিল. পরে তাহার চতুষ্পার্শ্বের সকল নিবাসিরা ভয় পাইল, এবং য়িহুদার পর্ব্বত ভূমির সর্ব্বত্র এ সকল কথার জনরব হইল, এবং শ্রোতৃ সকল মনে রাখিয়া কহিতে লাগিল, এ কি প্রকার বালক হইবে? এবং ঈশ্বরের হস্ত তাহার সঙ্গে থাকিল. এবং তাহার পিতা জখরিয়া ধর্ম্মাত্মায় পূর্ণ হইয়া ভবিষ্যৎ কথা কহিতে লাগিল, যে ধন্য য়িশ্রাএলের ঈশ্বর প্রভু; কেননা তিনি আপন লোকেরদিগকে সাক্ষাৎ দিয়া উদ্ধার করিয়াছেন, এবং যেমন জগতের আরম্ভহইতে আপন পুণ্যবান ভবিষ্যদ্বক্তৃগণের প্রমুখাৎ কহিয়াছিলন, সেইমত আমারদের পিতৃগণের প্রতি কৃপা করিতে এবং আপন ধর্ম্ম পণ, অর্থাৎ যে দিব্য তিনি আমারদের পিতৃ অবরাহামের স্থানে সত্য

করিলেন, যে আমরা আপনারদের শত্রুগণের হস্তহইতে মুক্তি পাইয়া আমারদের পরমায়ুর যাবদ্দিবস পর্য্যন্তই পুণ্য ও পুকৃতার্থ আচারে তাঁহার সেবা নির্ভয়ে করিতে সাধাইয়া দিবেন, সেই দিব্য স্মরণ করিতে আমারদের শত্রুগণহইতে ও ঘৃণাকারিরদের হাতহইতে যে পরিত্রাণ হয়, এমন মহা পরিত্রাণ তিনি আপন সেবক দাউদের ঘরে আমারদের কারণ উঠাইয়াছেন. এবং হে বালক, তুমি সর্ব্বপ্রধানের ভবিষ্যদ্বক্তা কহা যাইবা; কেননা যাহারা অন্ধকারে ও মৃত্যুর ছায়ায় বসে, তাহারদিগকে দীপ্তি পুকাশ করিবার কারণ এবং কুশলের পথে আমারদের পা উত্তীর্ণ করিবার কারণ আমারদের ঈশ্বরের যে করুণাময় দয়ার দ্বারা উর্দ্ধ্বহইতে পুভাতের অরুণ আমারদের স্থানে দেখা দিয়াছে, সে দয়া দিয়া আপনারদের পাপ মোচনার্থ পরিত্রাণ তাঁহার লোকেরদিগকে জানাইয়া তাঁহার পথ পুস্তুত করিতে তুমি পুভুর মুখের অগ্রে গমন করিবা. পরে বালক বাড়িল এবং আত্মায় শক্তিমন্ত হইতে লাগিল; তৎপরে য়িশ্রাএলের স্থানে তাহার দেখা দেওন সময় পর্য্যন্ত তিনি প্রান্তরে থাকিলেন.

সাধু পিত্তর প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন পুত্র য়িশু খ্রীষ্টের দ্বারা আপন প্রেরিত পিত্তরকে অনেক উৎকৃষ্ট দান দিয়াছ, এবং যত্ন পূর্ব্বক আপন পালের মেষেরদিগকে পোষণ করিতে আজ্ঞা করিয়াছ. অতএব আমরা তোমাকে বিনতি করিতেছি, যে এই পুদান করহ, সে তত্ত্বাবধারক ও পালকগণ তোমার পুণ্য বাক্য যত্ন পূর্ব্বক প্রচার করেন,

এবং যে তাহারদের বাক্য শ্রোতারা আজ্ঞাকারী হইয়া তদনুসারে গমন করে, তাহাতে যেন আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা অনন্ত ঐশ্বর্য্যের মুকুট পায়. আমেন.

পত্রের বদলে. প্রেরিত. পর্ব্ব ১২, পদ ১.

সেই সময়ের মধ্যে হেরোদ্ রাজা মণ্ডলীর কএক জনেরদিগকে ক্লেশ দিবার জন্য তাহারদের উপর হাত দিলেন. পরে তিনি য়োহনের ভাই য়াকুব্‌কে তলওয়ারে সংহার করিলেন; এবং তাহাতে য়িহূদীরদের সন্তোষ আছে, ইহা দেখিয়া তিনি তাহার বিস্তার করিয়া পিতরকেও ধরাইয়া লইলেন. তখন অখমীরী রুটীর সময় ছিল: অতএব তাহাকে পেশাখ্ পর্ব্ব হইলে পরে লোকেরদের স্থানে বাহির করিয়া আনিতে মনস্থ করিয়া তিনি তাহাকে ধরাইয়া লইয়া চারি গণ্ডা প্রহরিসেনার স্থানে গচ্ছিত করিয়া কারাগারে রাখাইয়া দিলেন. অতএব পিতর কারগারেতে বদ্ধ হইয়া থাকিল; কিন্তু তাহার বিষয়ে ঈশ্বরের প্রতি মণ্ডলীতে একান্তরূপে অনবরত প্রার্থনা করা গেল. পরে হেরোদ্ তাহাকে বাহির করিয়া আনিতে উদ্যত হইলে সেই রাত্রিতে পিতর দুই জিঞ্জীরে বদ্ধ হইয়া দুই সেনার মধে নিদ্রা করিতেছিল, এবং প্রহরিরা দ্বারের অগ্রে কারাগারের রক্ষা করিতেছিল. তখন, দেখ, ঈশ্বরের এক দূত দেখা দিলেন, এবং কারাগারেতে এক দীপ্তি প্রকাশিত হইল; পরে তিনি পিতরের কোঁকে ঘা দিয়া তাহাকে চেতাইয়া কহিলেন, শীঘ্র করিয়া উঠ. তাহাতে তাহার হাতহইতে জিঞ্জীরটা খসিয়া পড়িল. পরে সেই দূত তাহাকে কহিলেন, আপন কোমর বাঁধ ও পায়ে পাদুকা

দেও, এবং সে তম্মত করিল. পরে সে দূত তাহাকে কহিলেন, তোমার উড়নীখান গায়ে দিয়া আমার পাছে২ আইস, এবং সে বাহিরে গিয়া তাঁহার পাছে২ চলিয়া গেল ; কিন্তু সে দূতের দ্বারা যে কর্ম্ম হইয়াছে, তাহা প্রকৃত না বুঝিয়া সে অনুমান করিল, যে আপনি এক দৈব স্বপ্ন দেখিতেছে. পরে প্রথম ও দ্বিতীয় চৌকি লঙ্ঘিয়া গিয়া, যে লোহার দ্বার দিয়া নগরেতে যায়; তাহার নিকটে আইলে সে তাহারদের প্রতি আপনা আপনি খুলিয়া গেল ; এবং বাহির হইয়া তাহারা এক সড়ক পার হইলে পরে, অকস্মাৎ সেই দূত পিতরকে ছাড়িয়া গেল. পরে সে সচেতন হইয়া কহিল, এখন আমি নিশ্চয় জানিলাম যে প্রভু আপন দূত পাঠাইয়া আমাকে হেরোদের হাতহইতে এবং য়িহুদী লোকের সকল আশা ভরসাহইতে উদ্ধার করিয়াছেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ১৬, পদ ১৩.

পরে য়িশু ফিলিপীয় কাইসারিয়ার অঞ্চলে আসিয়া উপস্থিত হইলে, তিনি আপন শিষ্যেরদিগকে জিজ্ঞাসা করিয়া কহিলেন, আমি যে মনুষ্যের পুত্র, মনুষ্যেরা কি বলে যে কে আমি ? তাহারা কহিল, কেহ য়োহন বাপ্টাইজক বলে, কেহ এলীয়া, ও আর কেহ২ য়িরিমীয়া কিম্বা ভবিষ্যদ্বক্তারদের মধ্যে এক জন. তিনি তাহারদিগকে কহিতেছেন, তোমরা বাও কি বল যে আমি কেটা আছি? তখন শীমোন পিতর উত্তর দিয়া কহিল, তুমি খ্রীষ্ট জীবমান ঈশ্বরের পুত্র. য়িশু তাহাকে প্রত্যুত্তর করিয়া কহিলেন, হে শীমোন বর্য়োনা, তুমি ধন্য; কেমনা তোমার স্থানে রক্ত মাংস ইহা প্রকাশ করিল না, কিন্তু আমার

স্বর্গস্থ পিতা; এবং আমি তোমাকে কহি, যে তুমি পিতর বট; এবং এই শিলাদ্রির উপর আমি আপন মণ্ডলী নিম্মাণ করিব; ও নরকের দ্বার তাহাকে পরাজয় করিবেক না. এবং আমি তোমাকে স্বর্গের রাজ্যের ছোড়ান দিব, ও তুমি পৃথিবীর উপর যে কিছু বদ্ধ করিবা, সে স্বর্গেতে বদ্ধ হইবে; ও তুমি পৃথিবীর উপর যে কিছু মোচন করিবা, সে স্বর্গেতে মুক্ত হইবে.

সাধু য়াকুব প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে দয়ালু পরমেশ্বর, যেমত তোমার পুণ্য প্রেরিত সাধু য়াকুব আপন পিতার, এবং নিজের যে২ বস্তু ছিল, তাহা সকল ত্যাগ করিয়া অবিলম্বে তোমার পুত্র য়িশু খ্রীষ্টের পশ্চাগ্গামী হইলেন, সেই মত আমরাও সাংসারিক ও শারীরিক অভিলাষ সকল পরিত্যাগ করিয়া তোমার পুণ্য আজ্ঞা পূর্ণ করিতে সর্ব্বদা প্রস্তুত হই, ইহা আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ১১, পদ ২৭, আর ১২ পর্ব্বের ভাগ.

সেই সময়ে ভবিষ্যদ্বক্তারা য়িরুশলমহইতে আণ্টিয়োখে আইল; ও তাহারদের মধ্যে আগাবস্ নামে এক জন দাঁড়াইয়া আত্মাহইতে জানাইয়া দিল, যে দেশ সমুদায়ে বড় আকাল হইবে; এবং সে ক্লৌদিয়স্ কাইসরের সময়ে ঘটিল. তখন শিষ্যেরা প্রতি জন আপন২ সাধ্যানুক্রমে য়িহুদা দেশনিবাসি ভ্রাতৃগণের নির্ব্বাহের সঙ্গতি পাঠাইতে স্থির করিল; এবং তাহারা সেই মত করিল, ও বার্ণবা ও শাওর

গের হাতে পুাচীন লোকের স্থানে পাঠাইয়া দিল. সেই সময়ের মধ্যে হেরোদ্ রাজা মণ্ডলীর কএক জনকে ক্লেশ দিবার জন্যে তাহারদের উপর হাত দিলেন. পরে তিনি য়োহনের ভাই য়াকুবকে তলওয়ারে সংহার করিলেন. এবং তাহাতে য়িহুদীরদের সন্তোষ আছে, ইহা দেখিয়া তিনি তাহার বিস্তার করিয়া পিতরকেও ধরাইয়া লইলেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২০, পদ ২০.

তখন জেবদির পুত্রেরদের মাতা আপন পুত্রেরদের সহিত তাঁহার নিকটে আসিয়া পূজা করিয়া তাঁহার স্থানে কিছু অনুগ্রহ চাহিল. তিনি তাহাকে কহিলেন, তুমি কি চাহ? সে তাঁহাকে বলিল, তোমার রাজ্যেতে এই আমার দুই পুত্র এক জন আপন দক্ষিণ পার্শ্বে ও অন্য জন আপন বাম পার্শ্বে বসিতে আজ্ঞা করুন. কিন্তু য়িশু উত্তর দিয়া কহিলেন, তোমরা কি চাহ, তাহা তোমরা জান না; আমি যে বাটীতে পীব, তাহাতে তোমরা না কি পান করিতে পার? ও যে বাপ্তিস্মে আমি বাপ্টাইজিত হইতেছি, তাহায় কি তোমরা বাপ্টাইজিত হইতে পার? তাহারা বলিল, আমরা পারি. তখন তিনি তাহারদিগকে কহিলেন, তোমরা অবশ্য আমার বাটীতে পান করিবা, এবং যে বাপ্তিস্মে আমি বাপ্টাইজিত হইতেছি, তাহাতে বাপ্টাইজিত হইবা; কিন্তু যাহারদের কারণ আমার পিতা কর্ত্তৃক পুস্তুত হইয়াছে, তাহারদের ব্যতিরিক্ত অন্য কাহাকে আমার দক্ষিণ পার্শ্বে বসিতে দেওয়া আমার অধিকার নহে. ইহা যখন অন্য দশটা শুনিল, তখন সে দুই ভ্রাতারদের পুতি তাহারা ক্রোধাবিষ্ট হইল.

কিন্তু য়িশু তাহারদিগকে আপনার নিকটে ডাকিয়া কহিলেন, তোমরা জানহ যে ভিন্নদেশিরদের রাজগণ তাহারদের উপর রাজত্ব করে, এবং যাহারা মহৎ হয়, সে তাহারদের উপর শাসন করে. কিন্তু তোমাদের মধ্যে এই মত হইবে না; কিন্তু যে কেহ তোমারদের মধ্যে বড় হইতে চাহে, সে তোমারদের সেবক হউক; ও যে কেহ তোমারদের মধ্যে প্রধান হইতে ইচ্ছা করে, সেই তোমারদের দাস হউক; যেমত মনুষ্যের পুত্রও সেবিত হইতে আইল না, কিন্তু সেবা করিতে, এবং অনেকের উদ্ধারের মূল্যার্থে আপন প্রাণ দিতে আইল.

সাধু বার্ত্তোলমি প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবি ঈশ্বর, তোমার প্রেরিত বার্ত্তোলমি যাহাতে তোমার বাক্যের প্রকৃতরূপে বিশ্বাস ও প্রচার করিতে পারিল, এমত ধর্ম্মপ্রসাদ তুমি তাহাকে দিয়াছ; আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ, যে সে যাহা বিশ্বাস করিল, সেই বাক্য তোমার মণ্ডলী ভাল বাসেন এবং তাহা গ্রহণ করিয়া প্রচার করেন. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ৫, পদ ১২.

লোকেরদের মধ্যে প্রেরিতেরদের হাতে অনেক চিহ্ন ও আশ্চর্য্য কর্ম্ম করা গেল, এবং সকলেই এক মনে শলমোনের দরদালানে ছিল. কিন্তু বক্রি লোকেরদের মধ্যে তাহারদের সঙ্গ ধরিতে কাহারও সাহস ছিল না, কিন্তু লোক সকল তাহারদিগকে মর্য্যাদা করিল.

এবং অনেক২ লোক স্ত্রী ও পুরুষ দুয়েতে প্রভুতে বিশ্বাস করিয়া ততোধিকে বাড়িতে লাগিল. তাহাতে এমন হইল যে তাহারা ব্যাধিগ্রস্তেরদিগকে সড়কে বাহির করিয়া তোষকে ও বিছানাতে শোয়াইল, যে তাহাতে পিতরের ছায়া যাতায়াতে কদাচিৎক্রমে কাহার উপর ছাইয়া পড়ে. এবং চতুর্দ্দিকস্থ নগরহইতে অনেক২ লোক একত্র হইয়া অসুস্থ এবং অশুচি ভূতে ব্যথিত লোকেরদিগকে আনিয়া য়িরূশলমে আইল, ও তাহারা সকলে সুস্থ হইল.

মঙ্গলসমাচার. লুক. পর্ব্ব ২২, পদ ২৪.

তাহারদের মধ্যে বাদানুবাদ হইল যে তাহারদের কোন্ জন শ্রেষ্ঠতর গণা যাইবে. ইহাতে তিনি তাহারদিগকে কহিলেন, ভিন্নদেশিরদের রাজগণ তাহারদের উপর কর্ত্তৃত্ব করে, এবং যে সকলে তাহারদের শাসন করে, তাহারদিগকে উপকারী করিয়া বলে. কিন্তু তোমরা এমত নহিবা, কিন্তু তোমারদের মধ্যে যে গুরুতর হয়, সে যেন কনিষ্ঠের মত হউক, এবং প্রধান যে, সে যেন সেবাতির মত হউক. কেননা যে জন ভোজনে বৈসে কিম্বা যেটা সেবা করে, ইহার কোন্টা শ্রেষ্টতর হয়? সেই তো না কি যে ভোজনে বসিতেছে? কিন্তু আমি তোমারদের মধ্যে সেবাতির মত আছি. তোমরা সেই লোক যে আমার পরীক্ষার মধ্যে আমার সঙ্গে থাকিয়াছ. এবং যেমত আমার পিতা আমার কারণ এক রাজ্য নিরূপণ করিয়া স্থির করিয়াছেন, সেইমত আমি তোমারদের জন্যেও স্থির করি; তাহাতে তোমরা আমার মেজে আমার রাজ্যে যেন ভোজন পান কর, এবং সিংহাসনে বসিয়া য়িশ্রাএলের দ্বাদশ গোষ্ঠীরদিগকে বিচার কর.

সাধু মাতিউ প্রেরিতের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন ধন্য পুত্রের দ্বারা মাতিউকে প্রেরিত ও মঙ্গলবার্ত্তা প্রচারক হওনার্থে করের কাছারীহইতে আহ্বান করাইয়াছ; অতএব এই প্রদান করহ যে আমরাও লালসা এবং ধনের অনুচিত স্নেহ সকল পরিত্যাগ করিয়া এই তোমার পুত্র য়িশু খ্রীষ্টের পশ্চাদ্গামী হই, যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন. আমেন.

পত্র. ২ করিন্থী. পর্ব্ব ৪, পদ ১.

অতএব এমত সেবার ভার পাইয়া, যেমত দয়া প্রাপ্ত হইয়াছি, তদনুসারে আমরা কাতর মন হই না; কিন্তু চাতুর্য্যানুক্রমে না চলিয়া ও ঈশ্বরের বাণীকে পরবঞ্চনা পূর্ব্বক ব্যতিক্রম না করিয়া, কিন্তু সত্যের প্রকাশ করাতে প্রত্যেক মনুষ্যের অন্তঃকরণের গোচরে ঈশ্বরের সাক্ষাতে আপনারদের প্রকৃতার্থের প্রমাণ দেখাইয়া আমরা লজ্জার গুপ্ত কর্ম্ম সকল পরিত্যাগ করিয়াছি. কিন্তু আমারদের মঙ্গলসমাচার যদি আচ্ছাদিত হয়, তবে ঈশ্বরের প্রতিমূর্ত্তি খ্রীষ্টের তেজোময় মঙ্গলসমাচারের জ্যোতিঃ তাহারদের উপর প্রকাশিত না হয়, এই নিমিত্তে এই জগতের ঈশ্বর যে অপ্রত্যয়িরদের মন অন্ধ করিয়াছে, সেই বিনাশ পাত্রেরদের স্থানে তাহা আচ্ছাদিত হইয়াছে. কেননা আমরা আপনারদের প্রচার করি না, কিন্তু প্রভু য়িশু খ্রীষ্টের; এবং আমরা আপনারা যে য়িশুর বিষয়ে তোমারদের সেবক, এই প্রচার করি কেননা ঈশ্বর অন্ধকারহইতে যিনি দীপ্তিকে প্রকাশ করিতে আজ্ঞা

দিলেন, তিনি য়িশু খ্রীষ্টের বদনে ঈশ্বরের তেজের জ্ঞানের জ্যোতি আমারদের মনে প্রকাশ করিয়াছেন.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ৯, পদ ৯.

অনন্তর য়িশু সেখানহইতে যাইতে২ তিনি মাত্তিউ নামে এক জনকে করের কাছারীতে বসিয়া থাকিতে দেখিলেন ও তাহাকে কহিলেন, আমার পশ্চাৎ চলিয়া আইস, এবং সে উঠিয়া তাহার পশ্চাৎ গমন করিল. পরে যখন য়িশু ঘরের মধ্যে ভোজনে বসিয়াছিলেন, তখন, দেখ, অনেক পাটওয়ারী ও পাপি লোক আসিয়া তাঁহার এবং তাঁহার শিষ্যগণের সঙ্গে বসিল. ইহা যখন ফারিসি সকল দেখিল, তখন তাহারা তাঁহার শিষ্যেরদিগকে কহিলেক, যে কি জন্যে তোমারদের গুরু পাটওয়ারী ও পাপি বর্গের সঙ্গে খাইতেছেন? য়িশু তাহা শুনিয়া তাহারদিগকে কহিলেন, সুস্থ লোকের চিকিৎসকে প্রয়োজন নহে, কিন্তু অসুস্থ লোকের. কিন্তু তোমরা যাইয়া এই গুপ্তের অর্থ শিক্ষা কর, আমি দয়া চাহি, যজ্ঞ কর্ম্ম নয়; কেননা আমি মন ফিরাইবার কারণ প্রাকৃতার্থিক লোকেরদিগকে আহ্বান করিতে আসি নাই, কিন্তু পাপিলোকেরদিগকে.

সাধু মীখাএল, এবং আর সকল স্বর্গ দূতের দিবস.

প্রার্থনা.

হে নিত্যজীবি ঈশ্বর, তুমি স্বর্গদূতগণ ও মনুষ্যগণ এই উভয় কর্তৃক সেবা ও কর্ম্ম আশ্চর্য্যরূপে নিযুক্ত করিয়াছ. অতএব যেমত তোমার পুণ্য স্বর্গদূতগণ স্বর্গেতে নিত্য২ তোমার সেবা করেন, সেইমত তোমার

আজ্ঞানুসারে তাঁহারা পৃথিবীতে আমারদিগের সাহায্য ও রক্ষা করেন, ইহা আমারদের পুভু য়িশু খ্রীষ্ট দ্বারা দয়া পূর্ব্বক পুদান করহ. আমেন.

পত্রের বদলে. দৈব্য পুকাশিত. পর্ব্ব ১২, পদ ৭.

স্বর্গেতে সংগ্রাম হইল, মীখাএল ও তাঁহার দূতগণ নাগের সঙ্গে যুদ্ধ করিলেন, এবং নাগ ও তাহার দূতগণ যুদ্ধ করিল, কিন্তু পরাস্ত করিতে পারিল না, এবং স্বর্গেতে তাহারদের আর স্থান পাওয়া গেল না. এবং সে বড় নাগ অথচ সেই বৃদ্ধ সর্প যাহাকে ইবলীস ও শয়তান করিয়া কহে যে সমুদয় জগতকে ভুলাইতেছে, সে তো পৃথিবীতে অধঃপাতিত হইল, এবং তাহার সঙ্গে তাহার দূতেরাও অধঃপাতিত হইল. পরে আমি স্বর্গেতে এক মহা রব উক্ত শুনিলাম, যে এখন আমারদের ঈশ্বরের পরিত্রাণ ও শক্তি ও রাজত্ব ও তাঁহার খ্রীষ্টের পুভুত্ব উপস্থিত হইয়াছে; কেননা আমারদের ভ্রাতৃগণের অপবাদক যে তাহারদিগকে আমারদের ঈশ্বরের সাক্ষাতে দিবারাত্রি অপবাদ করিত, সে তো অধঃপাতিত হইল; এবং তাহারা পাঁঠার রক্তের দ্বারা আপনারদের সাক্ষি কথার দ্বারা তাহাকে পরাভব করিয়াছে, এবং আপনারদের পুাণকে ভাল না বাসিয়া মৃত্যু স্বীকার করিল. অতএব, হে স্বর্গাদি ও তন্মধ্যবাসিরা, আনন্দিত হও! কিন্তু পৃথিবী ও সমুদ্রনিবাসি সকলের সন্তাপ হইবে; কেননা ইবলীস তোমারদের স্থানে বিক্রম কোপেতে অধোগতি করিয়াছে; কেননা সে জানে যে তাহার অল্প কাল আছে.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ১৮, পদ ১.

সেই সময়ে শিষ্যেরা য়িশুর নিকটে আসিয়া কহিলেক, যে স্বর্গের রাজ্যেতে কেটা বড়? তখন য়িশু এক ছোট ছাওয়ালকে আপনার নিকটে ডাকিয়া তাহারদের মধ্যখানে বসাইয়া দিলেন এবং কহিলেন, সত্য আমি তোমারদিগকে কহি, যে তোমরা মন না ফিরাইলে ও ছোট বালকেরদের ন্যায় না হইলে তোমরা স্বর্গের রাজ্যেতে প্রবেশ করিতে পারিবা না. অতএব যে কেহ আপনাকে এই ছোট বালকের মত নম্র করে, সেই জন স্বর্গের রাজ্যেতে বড়; এবং যে কেহ এই মত এক ছোট বালককে অতিথি করে, সে আমাকে অতিথি করে; কিন্তু যে কেহ এই আমাতে বিশ্বাসক ক্ষুদ্র প্রাণিরদের মধ্যে এক জনের পথে উচোট খাওয়াইবার ঠেস রাখে, তাহার গলাতে জাঁতা বান্ধা গিয়া ও অগাধ সমুদ্রের মধ্যে তাহাকে ফেলিয়া দেওয়া বরঞ্চ এই তাহার ভাগ্য ভাল. উচোট খাওয়াইবার কর্ম্ম প্রযুক্ত জগতের সন্তাপ হইবে; কেননা উচোট খাওনের বিষয় অবশ্য হইতে চায়; কিন্তু যে মনুষ্যের দ্বারাতে সে উচোট খাওয়া হয়, তাহার সন্তাপ হইবে. অতএব যদি তোমার হাত কিম্বা পা তোমার ঠেস বিষয় হয়, তবে তাহা ছেদন করিয়া আপনহইতে ফেলিয়া দেও; তোমার ভাগ্যে দুই হাত কিম্বা দুই পা ধরিয়া অনন্তানলে ফেলা যাওনহইতে, খোঁড়া কিম্বা লুলা হইয়া জীবনে প্রবেশ করা ভাল. এবং যদি তোমার চক্ষু তোমার ঠেস খাওন হেতু হয়, তবে তাহা উখড়াইয়া আপনহইতে ফেলিয়া দেও. তোমার ভাগ্যে দুই চক্ষুতে নরকানলে ফেলা যাওনহইতে, এক চক্ষুতে জীবনে প্রবেশ করা ভাল. সাবধান, এই ক্ষুদ্র প্রাণির মধ্যে একটিকেও তুচ্ছ জ্ঞান

যেন না কর. কেননা আমি তোমারদিগকে কহি, যে স্বর্গেতে তাহারদের দূতগণ আমার স্বর্গস্থ পিতার মুখ সর্ব্বদা দেখিয়া থাকে.

মঙ্গলবার্ত্তা প্রচারক সাধু লূকের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, মঙ্গলসমাচারেতে প্রশংসিত যে লূক চিকিৎসক তাঁহাকে তুমি মঙ্গলবার্ত্তা প্রচারক এবং মনের চিকিৎসক হওনার্থে আহ্বান করিয়াছ. অতএব তোমার পুত্র আমারদের প্রভু যিশু খ্রীষ্টের পুণ্যের নিমিত্তে দয়া পূর্ব্বক এই প্রদান করহ, যে তাঁহার উপদেশরূপ হিতকারি ঔষধ দ্বারা আমারদের মনের পীড়া সকল নাশ করা যায়. আমেন.

পত্র. ২ তিমোতিয়. পর্ব্ব ৪, পদ ৫.

তুমি সকল বিষয়েতে সচেতন হইয়া থাক, ক্লেশাদির সহিষ্ণুতা কর, মঙ্গলসমাচার প্রচারকের কর্ম্ম সাধিয়া দেও, তোমার সেবা নিষ্পন্ন করহ. কেননা আমি সম্প্রতি উৎসর্গ হইতে প্রস্তুত আছি, এবং আমার প্রস্থান করণ সময় উপস্থিত হইল প্রায়. আমি সংগ্রামের যুদ্ধ করিয়াছি, আমি আপন দৌড় সমাপ্ত করিয়াছি, আমি প্রত্যয়ের রক্ষা করিয়াছি; প্রভু যাথার্থিক বিচারকর্ত্তা সেই দিনে আমাকে যে যাথার্থ্যরূপ মুকুট দিবেন, এবং কেবল আমাকে নহে, কিন্তু যে সকল তাঁহার প্রকাশ হওয়া ভাল বাসে, সে সকলকেও দিবেন, এমত মুকুট এখনহইতে আমার কারণ রক্ষিত আছে. তুমি আমার নিকটে শীঘ্র আসিতে চেষ্টা কর. কেননা দেমা এই বর্ত্তমান সংসারকে ভাল

যাসিয়া আমাকে বর্জ্জন করিয়া তসলোনিকায় গিয়াছে. ক্রেস্কেষ গালাতিয়ায় ও তীত দাল্‌মাতিয়ায় গিয়াছে. কেবল লূক আমার সঙ্গে থাকিল. তুমি মার্ককে লইয়া সঙ্গে করিয়া আইস; কেননা সে আমার সেবা সাধনার্থ উপযোগী আছে. তিখিক্‌কে আমি এফেসসে পাঠাইয়াছি. যখন তুমি অসিবা, তখন ঐ আচ্ছাদনী যে আমি ক্রোয়ায় কর্পের ঘরে ছাড়িলাম, তাহা এবং পুস্তক গুলাকে, কিন্তু বিশেষতঃ চর্ম্মের পুস্তক আপন সঙ্গে আন. আলিক্‌সান্দ্রু কাঁসারি আমার অনেক মন্দ করিয়াছে; তাহার কর্ম্মানুসারে প্রভু তাহাকে প্রতিফল দিউন. এবং তাহার প্রতি তুমিও সাবধান থাক; কেননা সে যথেষ্ট রূপে আমারদের কথা প্রতিরোধ করিয়াছে.

মঙ্গলসমাচার. লূক, পর্ব্ব ১০, পদ ১.

প্রভু আর সত্তরি জনেরদিগকেও নিযুক্ত করিলেন, এবং দুই ২ করিয়া, যে ২ নগর ও স্থানে আপনি যাইবেন, সেখানে আপন অগ্রে তাহারদিগকে পাঠাইয়া দিলেন. অতএব তিনি তাহারদিগকে কহিলেন, শস্য বাহুল্য বটে, কিন্তু খাটন্যারা অল্প. এতদর্থে শস্যের অধিকারিকে প্রার্থনা কর, যে তিনি আপন শস্যে আর২ খাটন্যা লোক পাঠাইয়া দেন. চলিয়া যাও, দেখ, নেকড়্যার মধ্যে মেষবাচ্চা যেমত হয়, সেইমত আমি তোমারদিগকে পাঠাই. জালী কি ঝোলা কিম্বা জুতা লইয়া যাইও না, এবং পথের মধ্যে নমস্কারাদি কাহাকে করিও না; এবং যে ২ ঘরে তোমরা প্রবেশ কর, পূর্ব্বে কহ, এ ঘরের কুশল হউক; পরে যদি কুশলের সন্তান সেখানে হয়, তবে তোমারদের কুশল তাহার উপর থাকিবে; কিন্তু যদি না হয়, তবে তোমারদের স্থানে

ফিরিবে. এবং সে ঘরে তাহারা যাহা দেয়, তাহা ভোজন পান করিয়া অবস্থান কর; কেননা খাটন্যাটা আপন বেতনের যোগ্য.

সাধু শীমোন ও সাধু য়িহুদা প্রেরিতেরদের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, য়িশু খ্রীষ্ট আপনি কোণের প্রধান প্রস্তর হইলে প্রেরিত ও ভবিষ্যদ্বক্তৃগণস্বরূপ বুনিয়াদের উপর তুমি আপন মণ্ডলীকে গাঁথিয়াছ; অতএব এই প্রদান করহ, যে তাহারদের শিক্ষা দ্বারা আমরা আত্মার ঐক্যেতে এমত সংলগ্ন হই, যে আমরা আপনারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা তোমার তোষণীয় শুদ্ধময় মন্দির করা যাই. আমেন.

পত্র. য়িহুদা. পদ ১.

যাহারা ঈশ্বর পিতায় পরিষ্কৃত এবং য়িশু খ্রীষ্টেতে সংরক্ষিত হইয়াছে, এমত আহ্বানিত লোকেরদের প্রতি য়িশু খ্রীষ্টের সেবক ও য়াকুবের ভাই য়িহুদা পত্র লিখে. দয়া ও শান্তি ও প্রেম তোমারদের প্রতি বিস্তারিত হউক. হে প্রিয়েরা, আমি তোমারদিগকে সাধারণ পরিত্রাণের বিষয়াদি লিখিতে একান্ত যত্ন করিয়া, যে প্রত্যয়ের ধারা পুণ্যবানেরদের স্থানে পূর্ব্বে সমর্পিত ছিল, তাহার কারণ যেন তোমরা প্রাণপণে যুদ্ধ কর, ইহা তোমারদিককে উপদেশ দিয়া লিখিতে আমি আপনার আবশ্যক জানিলাম. কেননা পূর্ব্বকালাবধি এই দণ্ডার্থে নিরূপিত অধার্ম্মিক লোক, যে আমারদের ঈশ্বরের অনুগ্রহকে লাম্পট্যাদি করিয়া অন্যথা করে, এবং অদ্বিতীয় অধিপতি ঈশ্বর, অর্থাৎ আমার-

দের প্রভু যিশু খ্রীষ্টকে অস্বীকার করে, এমন কএক লোক আসিয়া দুষ্ঢ়িয়া গিয়াছে. অতএব যদ্যপিও তোমরা একবার ইহা জানিলা বটে, তথাপি আমি তোমারদিগকে স্মরণ দেওয়াইতে ইচ্ছা করি, যে প্রভু মিসর দেশহইতে লোকেরদিগকে উদ্ধার করিয়া পশ্চাতে, যে সকল প্রত্যয় না করিল, তাহারদিগকে নষ্ট করিলেন; এবং যে২ স্বর্গীয় দূতগণ আপনারদের প্রথমাবস্থায় না থাকিয়া আপন২ বাসস্থান পরিত্যাগ করিল, তাহারদিগকে তিনি মহা দিনের বিচারার্থ নিত্য বন্ধনে অন্ধকারের মধ্যে রাখিয়া দিয়াছেন. যেমত সদোম ও অমোরা ও তাহারদের নিকটস্থ নগর সকল যে তাহারদের সদৃশ পরস্ত্রীগমন করিয়া ও জাতি বিরুদ্ধ শরীরানুগামী হইয়া অনির্ব্বাণানলের সমুচিত দণ্ড পাইয়া দৃষ্টান্তার্থে ব্যক্তরূপে স্থাপিত করা গিয়াছে, তদনুক্রমে এই স্বপ্নকেরা শরীরকে অপবিত্র করে ও কর্তৃত্বকে অবজ্ঞা করে এবং মহৎ পদের মন্দ বলে.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৫, পদ ১৭.

তোমরা পরস্পর প্রেম করহ, এই অনুমতি আমি তোমারদিগকে দি. জগৎসংসার যদি তোমারদিগকে মন্দ বাসে, তবে তোমরা জান যে তোমারদের পূর্ব্বে সে আমাকে মন্দ বাসিয়াছিল. যদি জগতের লোক হইতা, তবে জগতটা আপন আত্মীয়েরদিগকে ভাল বাসিত. অতএব তোমরা জগতের লোক নহ, কিন্তু আমি তোমারদিগকে জগৎহইতে বাছিয়া লইয়াছি, এই নিমিত্তে জগৎ তোমারদিগকে মন্দ বাসে. সে কথা স্মরণে রাখ যে আমি তোমারদিগকে কহিলাম, সেবক আপন কর্ত্তাহইতে বড় নয়; আমাকে যদি সে তাড়না করি-

য়াছে, তবে তোমারদিগকেও তাড়না করিবে; আমার কথা যদি রাখি- য়াছে, তবে তোমারদের কথাও রাখিবে. কিন্তু আমার প্রেরণকর্ত্তা- কে তাহারা জানে না, এই নিমিত্তে এ কর্ম্ম সকল আমার নাম বিষয়ে তাহারা তোমারদিগকে করিবে. আমি যদি তাহারদেরে আসিয়া না কহিতাম, তবে তাহারদের পাপ হইত না; কিন্তু এখন তাহারদের পাপের ওজর নাই. যে আমাকে মন্দ বাসে, সে আমার পিতাকেও মন্দ বাসে; যে কর্ম্ম আর কোন কেহ করে নাই, এমন কর্ম্ম যদি তাহারদের মধ্যে আমি না করিতাম, তবে তাহারদের পাপ হইত না; কিন্তু তাহারা আমাকে এবং আমার পিতাকে উভয়কে দেখিতেও পাইয়াছে, এবং মন্দ বাসিয়াছে; কিন্তু ইহাতে সে কথা পূর্ণ হইল যে তাহারদের ব্যবস্থায় গুম্ফিত আছে, তাহারা অকারণ আমাকে মন্দ বাসিল. কিন্তু প্রবোধকর্ত্তা যাহাকে আমি পিতার নিকটহইতে তোমারদের স্থানে পাঠাইব, সে সত্যময় আত্মা যিনি পিতাহইতে নির্গত হন, তিনি যখন আসিবেন, তখন আমার বিষয়ে প্রমাণ দিবেন, এবং তোমরাও প্রমাণ দিবা; কেননা তোমরা প্রথমাবধি আমার সঙ্গে থাকিতেছ.

সকল পুণ্যবান লোকেরদের দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তোমার মনোনীত লোকেরদের যেন এক- শীলতা এবং পরস্পর সংসর্গ হয়, এই নিমিত্তে তুমি তাহারদিগকে নিজ পুত্র আমারদের প্রভু খ্রীষ্টের নিগূঢ়রূপ শরীরের অবয়ব করিয়া সংযুক্ত করিয়াছ; যাহাতে আমরা যাথার্থ্যে ও ধর্ম্মাচরণেতে তোমার

ধন্য পুণ্যবানেরদের পশ্চাগ্গামী হই, এমত ধর্ম্মপ্রসাদ আমারদিগকে দেও; তাহাতে যাহারা নিষ্কপট রূপে তোমাকে প্রেম করে, তাহারদের কারণ যে অকথ্য সন্তোষ তুমি প্রস্তুত করিয়াছ, তাহার অধিকারী যেন আমরা আপনারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা হই. আমেন.

পত্রের বদলে. দৈব্য প্রকাশিত, পর্ব্ব ৭, পদ ২.

আমি আর এক দূতকে জীবৎ ঈশ্বরের মুদ্রা হস্তে ধরিয়া পূর্ব্বদিক-হইতে উঠিতে দেখিলাম, এবং যাহারদিগকে ভূমি ও সমুদ্রের ক্ষতি করিবার শক্তি দেওয়া গিয়াছিল, সেই চারি দূতকে তিনি মহা উচ্চৈঃশ্বরে ডাকিলেন, যে আমারদের ঈশ্বরের সেবকেরদের কপালে যাবৎ আমরা মুদ্রার ছাপ না দি, তাবৎ তোমরা ভূমির কিম্বা সমুদ্রের কিম্বা বৃক্ষাদির ক্ষতি করিও না. এবং যাহারা ছাপান গেল, তাহারদের গণনা আমি শুনিলাম, যে য়িশ্রাএলী বংশের সকল গোত্রহইতে এক শত চৌয়াল্লিশ সহস্র জন ছাপান গেল.

য়িহুদা গোত্রের মধ্যে দ্বাদশ সহস্র ছাপান গেল.

রিউবনের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

গাদের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

আশেরের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

নফ্থালির গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

মনশ্শের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

শিমিয়োনের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

লেবির গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

য়িশ্শাখারের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

জবুলোনের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

য়ুশফের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

বিন্যামীনের গোত্রে দ্বাদশ সহস্র ছাপান গেল.

তদনন্তর আমি দৃষ্টি করিলাম, এবং, দেখ, প্রতি রাজ্য ও গোত্র ও লোক ও ভাষাহইতে মহা২ ঘটা যাহার সংখ্যা করিতে কাহারও সাধ্য নাই, তাহারা শুক্ল বস্ত্র পরিধান করিয়া এবং তালবাখড়া স্বহস্তে ধরিয়া সিংহাসনের সম্মুখে এবং মেষবাচ্চার সম্মুখে দাঁড়াইয়াছিল; এবং তাহারা মহা প্রণাদ করিয়া কহিল, যে সিংহাসনে বিরাজমান আমারদের ঈশ্বরের এবং মেষবাচ্চার পরিত্রাণের প্রশংসা হউক. এবং দূত সকল সিংহাসনের ও প্রাচীনগণের ও চারি জন্তুরদের চতুর্দ্দিকে দণ্ডায়মান হইয়া সিংহাসনের সম্মুখে উবুড় হইয়া পড়িল, এবং ঈশ্বরকে ভজনা করিয়া কহিল, আমেন, ধন্যবাদ ও কীর্ত্তি ও বুদ্ধি ও স্তবস্তুতি ও সম্মান ও প্রভাব ও শক্তি আমারদের ঈশ্বরের নিত্য২ হউক. আমেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ৫, পদ ১.

লোকারণ্য দেখিয়া য়িশু এক পর্ব্বতে গেলেন ও বসিলেন; পরে তাঁহার শিষ্যেরা তাঁহার নিকটে আইল. পরে আপন মুখ খুলিয়া তিনি তাহারদিগকে শিক্ষাইতে লাগিলেন, যে [illegible] দরিদ্রেরা ধন্য; কেননা স্বর্গের রাজ্য তাহারদেরই আছে. খিদ্যমান লোকেরা ধন্য; কেননা তাহারা সান্ত্বনা পাইবে. নম্র স্বভাবেরা ধন্য; কেননা তাহারা পৃথিবীর অধিকার করিবে. ধর্ম্ম বিষয়ে যাহারা ক্ষুধিত ও তৃষ্ণিত হয়, তাহারা ধন্য; কেননা তাহারা পরিতৃপ্ত হইবে. দয়ালু লোকেরা

ন্য; কেননা তাহারা দয়া পাইবে. নির্ম্মলান্তঃকরণ লোকেরা ধন্য; কেননা তাহারা ঈশ্বরকে দেখিতে পাইবে. মিলনকারিরা ধন্য; কেননা তাহারা ঈশ্বরের সন্তান কহা যাইবে. ধর্ম্মের হেতু যাহারা তাড়িত হয়, তাহারা ধন্য; কেননা স্বর্গের রাজ্য তাহারদের. যখন মনুষ্যেরা আমার নিমিত্তে তোমারদিগকে নিন্দা করে ও তাড়না করে, এবং মিথ্যায় তোমারদের প্রতি সকল প্রকার মন্দ বলে, তখন তোমরা ধন্য. উল্লাস করহ এবং অত্যন্ত আনন্দিত হও; কেননা স্বর্গেতে তোমারদের বড় ফল; কেননা এই মতে তাহারা তোমারদের পূর্ব্বে ভবিষ্যদ্বক্তৃগণকে তাড়না করিয়াছিল.